### তারিখ পত্র

## বঙ্গীয় সাহিত্য পরিষৎ এম্বাগার

'বিশেষ **দ্রেষ্ঠব্য:** এই পুত্তক ১৫ দিনের মধ্যে ফেরত দিতে হইবে।

1		1	-
वहर्तमा वहरतन	গুহণেৰ	<u> গুহণেব</u>	গুষ্ণের
) প্রশারিক তাবিক	তাবিশ	ভাবিখ	ত্যবিখ
,			





ীভুবনচন্দ্র বসাক কর্ত্তক পদ্য ছন্দে

বিরচিত।

---

কলিকাতা।

নিমতলা ঘাট, ব্রিট ৮ সংখ্যক ভবনে।
সংবাদ-জ্ঞানরত্বাকর যত্ত্বে
তদ্ধারা' মুদ্রিত ও প্রকাশিত।

मन ১२৮७ मान।

পুস্তক কলিকাতা নিযতলা ঘাট টিট্ ভারনে উদ্ধানায়ে প্রাপ্ত হইবেন ।

#### বিজ্ঞাপন 1

নিম্নলিখিত দেবনাগর অক্ষুব্রে মুদ্রিত সংক্ষৃত পুস্তক কলিকাতা নিমতলা ঘাঁট ট্রিট' ৮ সংখ্যক ভবনে বিক্রিয়ার্থ প্রস্তুত আছে।

বৈদ্যশাস্ত্র। মুর্কাবলি'॥০ পরিভাষা প্রদীপ ॥০ চক্রপাণি দত্ত ক্বত স্টাক দ্রব্যগুণ ১. জ্পান্ধ-ধর ১. চরক শ্রীয়ুত গঙ্গাধর কবিরাজ মহাশয়ের টীকা সহিত প্রথম খণ্ড হইতে অফম খণ্ড পর্যান্ত ৫. বাগ্ট্র স্থান্ত্রভান ১. মার্ধব নিদান স্টীক ৩. ভৈষজ্যরত্বাবলি সম্পূর্ণ ৩. স্প্রশ্রুত সম্পূর্ণ ৩॥০ প্রায়োগচিন্তামণি ১ম খণ্ড ॥০ লোলিম্মরাজ ১.।

জ্যোতিষ। সুর্য্যসিদ্ধীন্ত ১॥०।

ন্যায়। খণ্ডনখণ্ডখাদ্য ২০ শ্রশক্তিপ্রকা-শিকা ১১ তত্ত্বচিন্তামণি ৯০ ভাষাপরিচ্ছেদ ফুক্তা-বলি সহিত।১০ কুসুমাঞ্জলি।০ তত্ত্বোপস্কার।১০

ছন্দশাস্ত্র। ছন্দমঞ্জরী মূল ।০ শ্রীয়ুত্রামু-তারণ শিরোমণির সম্পূর্ণ টীকা সহিত ॥০ পিছুল স্টীক ১॥০।

অলঙ্কার। সাহিত্যদর্পণ ১১ চন্দ্রালোক de

কব্যশাস্ত্র। শিশুপালবধ সটাক ১ম ৪র্থ খণ্ড
২ং কিরাতার্জুনীয় সটীক ২ মূল মাত্র ।০
কুমারসম্ভব পূর্ব্ব ॥০ মেঘদূত ইংরাজী অনুবাদ ॥০
কৃত সটীক ।০০ নলোদয় সটীক ।০০ শ্বতুন
শ'হার সটীক ।০০ রত্বপঞ্চক ০০ স্ব্যাশতক ০০
ভামিনিবিলাস ।০ চাণক্যশ্লোক ০০ শৃসারভিলক
সটীক ০০ বিদ্বমোদতর্গিনী ০০ কাব্যসংগ্রহ ২৯
গীতগোবিন্দ স্টীক ॥০ বৈরাগ্যশতক ০০।

নাটক। রত্নাবলী সম্পূর্ণ টীকা সহিত এত্র বিক্রমোর্বাশী সটীক এ০ মালবিকাগ্লিমিত্র ॥০ বসস্ত-ফিলকভাণ।০ মহাবীরচরিত এ০।

কোষ। হারাবলি do ভাষরকোষ ॥০ মেদিনী ১১ উইলসন সাহেবের ক্রত সংস্কৃত
ইংরাজী ডিক্সনারী সম্পূর্ণ ৬১ হেমচন্দ্রকোষ
টীক ১১।

সাহিত্য। বর্ণপরিচয় /০ দশকুমারচরিত পূর্ব উত্তর ৮০ হিতোপদেশ ॥০ ভোজপ্রবন্ধ ।০। ১০ব্যাকরণ দলসংক্ষিত্রী মূল মাত্র ॥০ মুশ্ধবোধ মূল মাত্র ॥০।

मर्गन । मर्द्यर्गम्भः श्रह ১, ।

বেদান্ত। বিবেকচ্ডামণি। মুক্তিরোপ নিষং ১০ ভাষ্য টীকা সহিত ঈশ্চনত কেন ৯, কঠ। প্রশ্নানত মুগু।/ মাগুক্য ১৯ বেনার পরিভাষা॥।

ধর্মশাস্ত্র। সপ্তশ্লোকী গীতা ে ন্বপ্রা স্তোত্র ে নিত্যকর্ম পদ্ধতি ৮০ শ্রহ্মরা স্তোত্র নি অথানুসমূতি।০।

हिन्दी। मनस्तवनी भाषा टीका हिर श्रीमञ्जगवद्गीता १॥) वांजला देश की इतिहास =) परिमाण विद्या -) माध विलास -) नजीर की भौर।) वैताल पञ्चीसी ॥।) खैर-भाइकी वारमासी -) रामक्रणावारमासी -

प्रवाधनन्द्राद्य॥) उत्तर्राभनीरत १७ जानम् अवग्रा । = ) खाल कङ्गाली को ।) रामायग है। प्रेमसंगर को

## কর্দ্বিপ্রুরাণের স্থচীপত্র।

কলি বিবরণ	•••		. 3
কম্পির জন্ম কথা	•••	•••	8
কলকর লেখা পড়া	•••	•••	9
শিব স্তব			۵
কল্কির বর লাভ	•••	•••	5.
অংকৢৢৢৢৢৢৢয়য়য়ৢৢৢয়	•••	•••	20
পদার হর বর প্রদান	•••	•••	50
পন্মাবতীর স্বয়ম্বর	•••	•••	59
কন্দির বিবাহের উদ্যয	•	•••	>>
বিষ্ণুপূজা পদ্ধতি	•••	•••	২8
বিষ্ণুভা	•	<b>:</b>	২৮
সিংহলে ক্লির আগ <b>জন</b>	•••	•••	২৯
পঝা কল্কির সাক্ষ্যাৎ		•••	তহ
পদ্মার সঙ্গে কল্কির বিবাহ	•••		৩৬
নরপতিগণের <b>স্তব</b>	***	•••	৩৮
অন্ত্-কথা '৪০। মায়া প্রা	<b>ৰ্ণন</b>		<b>૯</b> ં8
প্রা-লইয়া কল্ফির শন্তলে গম			6.3
বৈদ্ধ-যুদ্ধ . ৫৪। ক্লেচ্ছ নিং	ন	•••	<b>89</b>
কুথোদরী বধ ৬১। রামায়ণ			. જહ
মরু ও দেবাপির কথা	***	•	9 00

# কল্ফিপুরাণের **স্থ**নীপ্রত্র<sup>।</sup>।

ডিকুঁক রূপধারী সত্যধুগ	•••	•••	4.9
মরু ও দেবাপির যুদ্ধ-যাত্রা	•••	۸.	96
কোক বিকোক বধ		, •••	96
भौगिश्कात सुक	•••	***	<b>b</b> 3
শশিধুজ-গৃহে কল্কির আগ্র	মৰ "	• • • •	<b>b-8</b>
ত্মশান্তার ন্তব ৮৬। ধ	_	•••	<b>b9</b>
রমার বিয়ে	•••	•••	৮৯
ন্শশিধৃজ ও স্থশান্তার পূর্ব্বত	দম্ম বিবরণ	•••	۵۰
ত্রন্ধসভায় ভক্তি দশ্ন	٠	•••	24
ভক্তি ভক্ত মাহাত্ম্য	•••	•••	20
বিষ্ণুভক্তি ক্রথা	•••	•••	24
	মুায়া স্তব	•••	200
বিষ্ণুবশার মোক্ষ্য স্থমতি	র সহ্মরণ	•••	2000
রুক্মিনী ত্রত কথা	•••	•••	202
কল্কির বিহার	•••		\$\$8
কল্কির বৈকুণ্ঠ গমন			220
গ্ৰন্থার স্তব	•••	•••	؞ڮڒڎ؞
ৰুল্কিপুরাণ পাঠের ফল	•••,	•••	525
<b>ইতি</b> কল্কিপুরাণে	ার স্থচীপত্র	1	



#### কলি বিবরণ।

ইব্রুাদি দেবতা যাঁরে, করে আরাধনা। এমন অনন্তদেবে, করি উপাসনাম কি বেদে কি তন্ত্রে আগে বন্দিয়াছে যাঁরে। বিষুবিনাশন হেতু নমিতেছি তাঁরে।

-10 (b) 00-

যাঁহা হতে হল সব পাতক নিধন।
ঘোড়া চড়ে সদা তিনি করেন গমন॥
সতা আদি যুগ স্ফি করেছে যে জন।
কলিক নামে হরি তিনি করুন্ রক্ষণ॥

নৈ মিষ অরণ্যবাসী শোনকাদি মুনি।
জিজ্ঞাসে, কল্ফির কথা স্থতমুখে শুনি॥
ইতে বলে শুন শুন কথা সুধাময়।
ধুর্বিকালে প্রজাপতি নারদেরে কয়॥

নারদ ব্যাদেরে বলে শুনে শুক পরে। শুক্মুখে শুনে রাজা পরীক্ষিত তরে॥

জীরুষ্ণ বৈকুপে গেলে বড় বাড়ে কলি। সুত বলে শুন ঋষি সেই কথা বলি॥ পাতকে স্ফিল ব্রহ্মা খোর রুঞ্চনায়। বংশ কথা কৈত্তে তার হৃদি কেঁপে যায়॥ মিথ্যা ভার্য্যা, দম্ভ পুত্র কন্যা তার মায়া। ডাগর হইলে দন্ত মায়া হল জায়া॥ মায়া পেটে জন্মে লোভ তনয়া নিক্ষতি। সময়ের গুণে প্রে দোঁছে হল প্রীতি॥ ক্রোধ পুত্র হিংসা কন্যা হইল ভাঁহার। ভাই বোনে বিয়ে করি কলি অবতার॥ কাল লম্বা পেট মোটা অতি কদাকার। খেলা সোনা বেশ্যা মদে থাকে জনিবার॥ গাত্র গন্ধে ভূত প্রেত পলাইরা যায়। দেখে মূর্ভি সুরাস্থর সবে ভয় পায়। হুফুক্তি ভগিনী গর্ভে কলির ঔরসে। 👺 পুত্র মৃত্যু কন্যা হল কালবলে।

তাহাদের সমাগমে অপত্য নিরয়। যাতনা হইল কন্যা অধর্মের জয়॥ ক্রমেতে কলির বংশ অত্যন্ত বাড়িল। যাগ যজ্ঞ বেদ পাঠ সকলি নাশিল। লোক সব হুরাচারী মত্ত অহন্ধারে। শোক ছঃখ জরা ব্যাধি ঘেরিল সবারে॥ বেদ হীন দ্বিজ দীন শৃদ্রে সেবা করে। বেচে মদ ষাৎস বেদ পরনারী হুরে॥ কলিকালে আয়ু কম ধনিরা কুলীন। স্থদ খোর বিপ্র পূজ্য কুকাজে প্রবীণ। তাপদী দন্যাদী ভণ্ড গুরু নিদাকারী। গৃহাসক্ত গণ্ডমুর্খ চোর ছরাচারী॥ স্ত্রীপুরুষ রাজি মাত্র বিয়ে করা হয়। ভাই বন্ধু পিতা মাতা কেহ কার নয়॥ কেশ বেশ পরিষ্কার কুকাজেতে রত। ুগালাগালি মারামারি করে অবিরত॥ কাঁধৈ পৈতে দ্বিজ বলে দণ্ডী দণ্ড করে। নীম মাুত্র তীর্থ সব আয়ু থাক্তে মরে॥ ধর্ম কর্ম দূরে থাক উদরের তরে। পূজা পাঠ করে দ্বিজ চাঁড়ালের ঘরে॥

পৈতি রৈতে উপপতি করে নারীগণ।
বৈধব্য যন্ত্রণা কেউ না জানে কেমন॥
অনিয়মে জল বর্ষে শস্য হার্নি করেঁ।
অন্ন বিনে দৈন্য প্রজা রাজা সব হরে॥
কলির প্রথম পাদে ক্লফে দ্বেষ করে।
দিতীয়েতে নামমাত্র কেহ নাহি ধরে॥
ভৃতীয়ে জারজ জন্ম চেরে একাকার।
স্বর্গে থাকি দেবগণ না পান আহার॥
দেই থেদে দেবতারা ধরণীরে ধরে।
ত্রন্ধার সমীপে গিয়ে নিবেদন করে॥
ইতি কলি বিবরণ কথা।

### কল্কির জন্ম কথা।

দেবগণে লয়ে ব্রহ্মা বিষ্ণু কাছে যান।

তথ্য হয়ে বিষ্ণু করেন বিধান॥

চল সবে দেবগণ আর ভয় নাই।

এখনি নাশিতে কলি অবনিতে যাই॥

শুদ্রলে যাইব আমি বিষ্ণুযশা ঘরে।

শুদ্রিংহলৈ যাউক লক্ষ্মী কৌমুদি উদরে॥

ছক্টে মারি করি রাজা দেবাপি মরুরে। আঁসিব আলয়ে ফিরে সত্যযুগ করে॥ এত বলি স্থমতির গর্ভে ভগবন। বৈশাখ দ্বাদশী শুক্লে অবতীৰ্ণ হন। স্থর নর দেখে তুষ্ট কঁরে ক্রত দান। অপ্ফরেরা নৃত্য করে গন্ধরেরা গান॥ ধাই কার্য্য করে ষষ্ঠী শুদ্ধ গঙ্গাজলে। অশ্বিকা কাটিল নাই জয় জয় বলে ॥ মেনা দেন বস্থমতী, সাবিত্রী তাঁ তুরে। আর আর মেয়েগুলো মঙ্গলাদি করে॥ চার হাত দেখে ত্রন্ধ। অনিলে পাঠায়। অাঁতুরে যাইয়ে বায়ুঁ, জীনাইল ভাঁয় ii দেবের হর্লভ মূর্ত্তি, চতুভূ জ হন। দ্বিভুজ প্রক বাক্যে হন নারায়ণ॥ ত্বই হাত দেখে সব হইল বিশায়। এ দ্বিকেতে বেদ পাঠ দান ধ্যান হয়॥ রাম ক্ষপ ব্যাস জেণি আদি মুনিগণ। হরিরে দেখিতে সবে করে আগমন॥ বিষ্যশা মহানন্দে পূজে মুনিগণে। বালকেরে দেখাইল হরষিত মনে॥

হরিরে দেখিয়ে সবে করে এমকার। কলিরে নাশিতে প্রভু কল্কি অবতার। বিষ্ণ অংশে জন্মেছিল আর তিন ভাই'। কবি প্ৰীজ্ঞ সুমন্ত্ৰক বলিষ্ঠ সবাই॥ কল্কিরে হেরিয়ে সুখী নিশার্থ নৃপতি। উথলে মেদিনী হর্ষে অগতির গতি॥ পাঠে ব্যগ্র দেখে পুত্রে বিষ্ণুযশা বলে। পড়াব সাবিত্রী বেদ পৈতে দিয়ে গলে॥ বেদ কিবা পৈতে পিতা কছ মোঁরে ভেদ। পিতা বলে শুন পুক্ত হরি বাক্য বেদ। সাবিত্রী বেঁদের মাতা পৈতেতে ত্রাহ্মণ। বেদ তন্ত্রে তপ যজ্ঞে হরি তুঠি হন॥ ব্রাক্ষণেরা ব্রহ্মরাদী বেদে অধিকার। যাগ যজ্ঞে শ্রীবিষ্ণুরে তে†যে অনিবার ॥ সেই হেতু পৈতে দিব করিয়াছি মনে। খাওয়াব ত্রাহ্মণ জ্ঞাতি তোমার মুগুনে॥ পুঁত্র বলে দ্বিজ কেন বিষ্ণু পূজা করে। প্রকাশিয়ে বল পিতা ফল কি সংস্কারে ॥ প্রুঁচে খুঁচে কেন বাপ এত কথা কও। দশু সংস্কারেতে বাছা এ স্কুণ ত হও॥

**ভান্স গেরা** করে পূজা সন্ধ্যা তিন বার। বিষ্ণুর অর্চনা করি তরায় সংসার॥ তপঁস্বী, সাবিত্রী পূজে, সদানন্দময়। জপ পরায়ণ ধীর নিয়মেতে রয়॥ এ সব গিয়েছে বাষ্ঠা কলৈ আগমনে। হুরকারী মহাপাপী যতেক ব্রাহ্মণে॥ মদ খায় বেশ্যাসক্ত পরনারী হরে। বেদ মন্ত্র দূরে থাক সন্ধ্যা নাহি করে॥ গিখ্যা কথা পদে পদে করে নানা ভাণ কলির ত্রান্ধণে আর নাহি ধর্মজ্ঞান॥ কলি কুল বিনাশিতে জন্মে ভগবান।° পিতৃ বাক্যে তুষ্টে কল্ফি গুরুকুলে যান। এই কথা পড়ে শোনে যেবা এক মনে। অনায়াসে লভে সেই ধর্মবিদ্যাধনে ॥ ইতি কন্কির জন্ম কথা।

কল্কির লেখা পড়া। স্থৈত বুলে যবে কল্কি গুরুকুলে যান। ঘরে লয়ে গেল যমদগ্মি পুক্ত রাম॥ -

শহে ব্রাহ্মণ তনয় জান না আমায়।

তৃগুবংশে জন্ম মম পড়াব তোমায়॥

বেদ শাস্ত্র ধকুর্বেদ ভাল আমি জানি।
পড়িলে আমার কাছে হবে বড় জ্ঞালী॥
ক্ষেত্রি শূন্য করে ধরা দ্বিজে করি দাল।
আসিয়ে মহেন্দ্র শৃক্ষে করি অবস্থান॥
আমি যমদয়ি পুত্র গুরু বোলে মান।
পড়ায় অনেক শাস্ত্র দিব্য দিব্য জ্ঞান॥

-000

নমি কল্কি মহানন্দে করে অধ্যয়ন।
চারি বেদ ধন্থবিদ্যা আর ব্যাকরণ॥
শুনে মাত্র শিখে কর পড়া কাঙ্ক করি।
কি দিব দক্ষিণা দেব ! বন্দেন্ শ্রীহরি॥
শুনে রাম বলে প্রভো ! হে কলি নাশন।
অবশ্য দক্ষিণা গুরু করিবে গ্রহণ॥
বেন্দার বিনয়ে তব জনম শস্তলে॥
পড়া শুন মোর কাছে বিবাহ সিংহলে॥
শুজারের কাছে অন্ত বেদরপী শুক।
লীরে হয় রেখো ধর্ম কর সত্য যুগ॥

ত্রাত্মা কুলির প্রিয় বৌদ্ধগণে নাশী।
দেবাপি মরুরে রাজ্য দিও অবিনাশী॥
আমার দক্ষিণা এই করিবে প্রদান।
সদা স্থথে করি আমি তপ যজ্ঞ ধ্যান॥

### শিব স্তব।

গুরুর বচনে কল্কি ধ্যান করি মৃনে।
প্রণাম করিয়ে স্তব করে পঞ্চাননে ॥
হে গোরীবল্লভ ! ভুমি বিশ্বনাথ।
বেড়াও চড়িয়ে যাঁড়ে ভূতগণে সাথ॥
ভুমি হে আনন্দময় যোঁগীর ঈশ্বর।
পুরাণ পুরুষ আদি দেব মহেশ্বর॥
ভিনয়ন পঞ্চানন শোড়েশ্সর্প গলে।
ভোমারে বন্দনা করি থেপা সবে বলে॥

়ুঁতুমি ছে মঞ্চল মর শোভে শশি ভালে। শিরে গুঙ্গা জটাধারী বেষ্টিত বেতালে॥ তুমি হে শাশানবাসী কামের করাল। নমুস্কার করি আমি তুমি মহাকাল॥

অক্ষমালা শোভে বক্ষে অহে শূলপানি। তব তেজে মেশে জীব লয় কালে জানি॥ পঞ্চভূতে কর স্টি ব্রহ্মানন্দে রত। তৌমীকৈই নমস্কার করি অবিরত॥ পরম ঈশ্বর তুমি বিশ্ব সারাৎসার। তোমার আশ্রয়ে থেকে সাধু হয় পার॥ তোমার আজ্ঞায় বায়ু হয় প্রবাহিত। গ্রহ তারাগণে শশি স্বর্গে সমুদিত॥ হে দেব! আদেশে তব দিবানিশি হয়। ধরণী ধারণ করে তাহে দয়াময়॥ তোমার আছ্রাতে প্রভো স্বর্গে দেবগণ। দরকার হৈলে বারি করে বরিষণ॥ সুমেরু শিখর মাঝৈ করি ভাবস্থান। ধারণ করেছে ধরা তব বিদ্যমান॥ তোমার আদেশে প্রভো চলেছে সংসার। ' মম স্তবে তুষ্ট হও করি নমস্কার॥

কল্কির বর লাভ। কল্কির শুনিরে স্তব তুই ভগবান। পার্ব্বত্রীরে সঙ্গে করি হন বিদ্যমান॥ গাত ছুঁ য়ে বলে হেঁদে অই সর্বাত্মন।
কি বর প্রার্থনা কর বল হে এখন।
ভূমগুলে তব স্তোত্র পড়িবে যে জন।
ইহ পর লোকে কার্য্য হইবে সাধন।
বিদ্যার্থির হবে বিদ্যা ধর্ম্মার্থির ধর্ম।
যা চধবে তা পাবে শ্বথে যেবা বুবো মর্মা।
পক্ষীরাজ গরুড়ের অংশভূত হয়।
কামচারী বহুরূপী লও এই হয়।
লও এই শুক পক্ষী দিতেছি, তোমায়।
সর্বাল এ করবাল মুটো রত্ময়।
কমাতে ধরার ভার লও দয়াময়।

মনোমত পেয়ে বর কঁন্সি অবতার।
দুব দেব মহাদেবে করে নমস্কার।
শিব•কথা শুনি কন্কি অশ্ব আরোহণে।
পিতা মাতা কাছে আসি বলে ভ্রাতৃগণে।
পড়া সাঙ্গ বরপ্রাপ্ত রামের বচন।
গার্গ্য ভর্ম্য বিশালাদি শুনে ভুই হন॥

নৃপতি বিশাখযুপ করে দরশন। কল্কি অবতারে কলি করে পলায়ন॥ ব্রহ্মণেরা পড়ে বেদ ব্রত ঘরে ঘরে। নারী করে পতি সেবা অকালে না মরে॥ সভা মাঝে বলে রাজা আ্কুলিত মনে। ' এখনি চল হে সবে কল্কি দরশনৈ॥ দেখে কল্কি কবি প্রাক্ত ঘেরে জ্ঞাতিগণ। ভক্তিভাবে নতশিরে প্রণমে রাজন॥ বিশাথযুপেরে কৃল্কি বলেন থাকিতে। প্রকাশিয়ে ধর্মকথা লাগেন কহিতে॥ মোর অংশে জন্মে যত কালে ধর্মহীন। এখন মিলেছে এসে দেখ ছে প্রবীণ ॥ হে নৃপ পূজিবে মো্রে স্থিরচিত হয়ে। অশ্বমেধ মহা যত্ত আর রাজসুয়ে॥ আমি ধর্ম সনাতন লোক অভ্যুত্তম। কাল, ভাব, কর্ম্ম আদি করে অনুগম॥ এই-রাজ্য ভার দিয়ে দেবাপি মরুরে। বৈকুঠে যাইব আমি সত্য যুগ করে॥ শ্বনিয়ে বিশাখয়ুপ করি নমকার। **জि ड्वांट्यु** टेव्छव धर्म छनिवादत मात्र॥

শুনে কল্কি মহা হর্ষে পারিষদিগণে।
কীর্ক্তন করেন ধর্ম্ম মধুর বচনে॥
• ইতি কল্কির বর লাভ।

ভান্ধাণ ধর্ম, সঙ্কীর্ত্তন। জগত় মঙ্গল হেতু ধর্মের কাহিনী। সভা মাঝে বলে কল্কি স্থত বলে জানি॥

কল্ফি বলে যবে রাজা হইবে প্রালয়। তবে ব্রহ্ম। মোর দেহে পাইবেন লয়।। তখন কেবল আমি রব বিদ্যমান। আমাতেই প্রবেশিবে যাবতীয় প্রাণ॥ গাছ পালা গিরি গুহা কিছুই না রবে। সমুদায় ধরাতল জলপূর্ণ হবে॥ ষুমাইয়ে যবে কাল জগত কাটায়। আমা বিনা অন্য কিছু দেখা নাহি যায়॥ মুহানিশা শেষভাগে করিতে স্জন। ভীষণ বিরাট মুর্ত্তি করিত্র ধারণ॥ েবেদ মুখ'ব্ৰহ্মা হন মোর মূর্ত্তি হতে। সামার আদেশে লাগে জগত স্থজিতে॥ [ ২ ]. কল্কি

প্রজাপ্রতি মন্ত্র, দেব, ক্রমে স্ফেটিয়ে। সত রজ তম মায়া আমা হতে হয়। স্থাবর জন্ম সব স্জন মায়ায়। প্রলগ্ননতে সব মোরে লয় পায়॥ যাগ যত্ত্ত তপ দান বেদ অধ্যয়ন। मना भारत (मरा करत नाम भक्की र्डन ॥ আমার স্বরূপ দেহ আত্মা তাঁহাদের। আমি যে সন্তুষ্ট এত না হই দেবের॥ প্রকাশি ব্রাহ্মণ বেদ সৃষ্টি রক্ষা হয়। তাঁহাদের হাতে এই মম দেহ রয়॥ সে কারণ ব্রাহ্মণেরে করি নমস্কার। পূর্ণ সনাতন বলি সেবে অনিযার॥ রাজারা জিজ্ঞানে প্রভো! বিপ্রের লক্ষণ। বাক্যে এত ধার কেন করুন কীর্ত্তন॥ পবিত্র ব্রাহ্মণধর্ম ভক্তি মৌর পক্ষে। প্রিয়া সনে যুগে যুগে এসে করি রক্ষে॥ সুধবা ভ্ৰাহ্মণ-কন্যা কাটে সুত যেই। সাম জয়ুর্বেদী বিপ্রে পৈতে হয় সেই॥ হুই ভাগ হর পিঠ পৈতে দিলে গলে। ধরে যদি বাম কাঁধে কেবা পারে বলে ॥

স্থাতিকা চন্দ্রন ভস্মে তিলক কপালে। ত্তিপুণ্ডু হইলে, ত্রনা বিষ্ণু শিব বলে ॥ দেখা মাত্র খণ্ডে পাঁপ বিপ্র-বাক্য বেদ। ব্রাহ্মণের হাতে স্বর্গ হয়েন ভূদেব॥ হাতে হব্য গায়ে ঘর্ম তীর্থ সমুদয়। নাজ্ঞিতে প্রকৃতি তিন বিরাজিত রয়। সাবিত্রীই কণ্ঠ-হার ভ্রহ্মসংজ্ঞা মন। বুকে ধর্ম পীঠে পাপ থাকে অনুক্ষণ॥ খাকিয়ে আশ্রম চেরে মম ধর্ম ঘোষে। রক্ষা নাই পার নাই যদি বিপ্র রোষে॥ জ্ঞানেতে প্রবীণ হয় বালক ত্রাহ্মণ। তপে বৃদ্ধ মম প্রিয়, পৃজিবে রাজন্॥ পালিতে এঁ দের বাক্য হই অবতার। শুনিলে বিপ্রের কথা ভয় নাই তার॥ ইতি ত্রাহ্ম গর্ম সঙ্কীর্ত্তন।

পদার হর-বর প্রদান।
' বেড়াইরে সাঁধে শুক কল্ফির সদন।
যথা বিধি স্তব করি দাঁড়াইয়ে রন্॥

কৈল্কি বলে ভাল সব কছ সমাচার। কি দেখে বেড়ালে কোথা কি হল আহার॥

-000

হে নাথ! দেখিত্ব আজি অতি চমৎকার। জলমাঝে দ্বীপ, নাম সিংহল তাহার॥ রহদ্রথ নামে রাজা কন্যা এক ভার। মহিষী কৌমুদীগৃর্ভে লক্ষ্মী অবতার॥ শুনিলে তাঁহার গুণ পাপ দূরে যায়। কহিলে রূপের কথা যোগী गোহ পায়॥ সিংহলে ত্রাক্ষণ ক্ষেত্রি চতুর্ব্বর্ণ রয়। চারিদিকে ঘর বাড়ী কিবা 'শোভাময়॥ গাছ লতা সরোধর অতি মনোহর। কত যে রূপদী নারী ভ্রমে নিরন্তর॥ क्लाए मात्रम इश्म कतिए विश्रत । হেন পুরি দেখি নাই কি বলিব তার॥ রাজকন্যা পদ্মাবতী কিবা যশ গাই। ত্রিজগতে তাঁর সমা হুটি কন্যা নাই॥ , যেমন পাৰ্ব্বতী শিবে পূক্তে বাল্যকালে কার্টান দিবস নিশি পদা সেই হালে॥

বিষ্ণু প্রি<mark>য়ুও</mark>মা জানি পার্ব্বতীর পতি। কাছে আসি বলে লও বর পদ্মাবতী॥ শ্রীপতি তোমার পতি নয় এ নুপতি। বিবাহ করিবে পল্মে! সেই জগৎপতি॥ যেই জন কামভাবে ভোমারে হেরিবে। সেই·জন সেইক্ষণে নারীভাব হবে॥ অস্তর গন্ধর্বে নাগ দেব কি চারণ। কেহ না এড়াবে শাপে বিনে নারায়ণ্॥ তপ ছাড়ি ঘরে যাও শুন হরিপ্রিয়ে। যাতে দেহ ভাল হয় কর তাই গিয়ে॥ এই বর দিয়ে হর অন্তর্হিত হন্। হর্ষচিত্তে যান পদ্মা পিতার ভবন॥ ইতি পদার হরবর প্রদান।

পথাবতীর স্বয়ম্বর।
দিবিনয়ে বলে শুক, শুন ভগবান।
পথার বিষের কথা, অপূর্ব্ব আখ্যান॥
মহারাজ রহদ্রথ, মহিবীরে কয়।
ডাগর হইল পথা, দেখে লাগে ভর॥

যৌবন হইল পূর্ণ, কি করি উপায়। বিবাহ না দিলে আর, জাতি ধর্ম যায়॥ কৌমুদী বলে হে নাথ! ভাবনা কি তার। উমাপতি বরে, রমাপতি বর তার॥ এ কথা কি সত্য প্রিয়ে <u>!</u> যদি তাই হয়। জামাতা হবেন হরি, অপ্প সুথ নয়॥ মহানন্দে রুহদ্রথ, অতি সমাদরে। স্বয়স্বরা হবে ক্নারু, নিমন্ত্রণ করে॥ পদার যৌবন রূপ, করিয়ে ভাবণ। যুটিল সিংহলে কত, তরুণ রাজন্॥ অস্ত্র শস্ত্রে শোভা করে মণিময় হারে। পরিচ্ছন কত মত, বর্ণিতে কৈ পারে॥ সিংহলে বিয়ের ধূম, নিত্য নৃত্য গীত। হেরিয়ে সভার শোভা, সবে পুলকিত ॥ নৃপ সব সমাগতে, হাঁসিতে হাঁসিতে। কন্যা কর্ত্তা দিল আজ্ঞা, কন্যারে আনিতে॥ অাগে করি বন্দীগণ দাসীগণ সনে। সভা মাঝে এলো পদা, প্রফুল বদনে॥ **শ্বেকোমল দেই** খানি, সোণার বরণ। দন্ত হৈরে যুক্তা হারে, মোহে নৃপগণ।

কৌথা পেঁ উর্বাশী রন্তা ? কৈ করে তুলনা ॥ দেখ নাই দেখিবে না, ছেন চল্রাননা।। গজেন্দ্রগামিনী লয়ে, রত্মালা করে। স্বয়ম্বর হেতু সভা মাবো পরিহরে॥ বদন, নিতম্ব, কটি, দৈখে, আঁখি, স্তন। কামে বিমোহিত সবঁ বিচলিত মন ॥ যেবা দেখে কামভাবে নারীভাব হয়। শিষ্করের বর যথা তান্যার নয়॥ বট গাছে বসি প্রভো। করি নিরীক্ষণ। পদার সঙ্গিনী হল যত নৃপগণ॥ বিষাদ অন্তরে পত্মা, করে কি উপায়। শঙ্করেরে মনে মনে, বিস্তর খ্যেয়ায় ॥ দেখেছি শুনেছি সব, গুহে ভগবান্। বসন ভূষণ ত্যজি, হরিরে ধ্যেয়ান্॥ ইতি পদার স্বয়ম্বর কথা।

কল্কির বিবাহের উদ্যম।
শ্বুক বলে ভগবান্ পদ্মা সধী সনে।
ভাবিতে ভাবিতে হরি বিরস বদনে ॥

বিমলারে ডেকে বলে শুন গুলো সই।
বিয়ে হবে ধূম ধাম পতি মোর কই॥
এ কি বিধি বিজয়না পুরুষ হেরিলে।
তথনি রমণী হয় কি লেখো কপালে॥
কোথা হে শঙ্কর! মোর কোথা পতি বল।
করেছি যে আরাধনা হবে কি বিফল॥
তব বাক্য মিথ্যা যদি বিষ্ণু পতি নন।
আগুণে এ দেহ দিয়ে ত্যজিব জীবন॥
আমি যে মানবী কোথা দেব জনার্দ্দন।
বঞ্চনা করেছে শিব বিধি বিজয়ন॥
বিষ্ণুতেজী আমা সমা বাঁচে কোন নারী
পদ্মার শোকের কথা কহিতে না পারি॥

শুকমুখে শুনে কল্কি বিশ্বয় ইইয়া।
শুকে বলে শীঘ্র যাও এসো বুবাইয়া॥
মম প্রণয়িনী পদ্মা আমি তার পতি।
বিধাতা লিখেছে এই জান মহামতি॥

আনন্দে প্রণয়ি শুক কল্কির বচনে। যাইল সিংহলে, উপনীত কিছু ক্ষণে॥ স্থান কোরে জল খেয়ে সাগারের পারে। রাজার বাড়ীতে যান কন্যা অন্তঃপুরে॥ নাগেশ্বর গাছে বসি মানুষের স্বরে। জিজ্ঞানে পদ্মারে দেখি সম্বোধন কোরে॥

-000-

হে বরবর্ণিনি, রূপ-ফোবন-শালিনী।
কমল বদন তব গুহে কমল নয়নি॥
পদ্মকর পদ্মগন্ধা ও পদ্মবাসিনী।
তোমারে কোরেছে ব্রহ্মা ভুবন মোহিনী॥

শুকবাক্য শুনে পদ্মা হাঁসিতে হাঁসিতে। বলে তুমি কে আপনি ইক্ষুক জানিতে॥ দেব কি দানব তুমি শুক ৰূপ ধরি। এসেছেন কোথা হতে বল কুপা করি॥

'হে'দেবি ! সর্ব্ব জ্ঞ আমি সর্ব্ব শাস্ত্র জানি । পূজিত সভায় সব আমি কামগামী ॥ যেথা ইচ্ছা সেথা যাই গগণে বেড়াই। ভোমারে দেখিতে হেথা আসিয়াছি তাই॥

কি হুঃখ ঘটেছে আজি কেন ভাব মনে। কিছু মাত্র হাঁদি নাই এ চাঁদ বদনে॥ অঙ্গ শোভা গেছে দেখি ত্যজি<sup>°</sup> আভরণ। আমোদ প্রমোদ নাই বিরস বদন॥ ভাব দেখে হুঃখে মরি জ্বিজাসা করি না। • সুধা মুখে মধু কথা শুনিতে বাঁসনা॥ মধুর এ ক ঠস্বরে নীরবে কোকিল। ষাঁর কানে গেছে ু তার তপে কিবা ফল ॥ অধর দশন তব রসনঃ হইতে। নির্গত অক্ষর পাঁতি জীব উদ্ধারিতে॥ ভুচ্ছ সে শারদ কান্তি বলি স্থাননে। কোমল শিরিশফুল লজ্জা পায় মনে। পণ্ডিতে অস্ত শ্রেষ্ঠ দেবের গণনা। আপনার বাক্য সনে হয় না তুলনা॥ বাহুলতে আলিঙ্গিতে যিনি সুধা পান। ় করিতে না হবে তাঁরে জপ তপ ধ্যান॥ হে রাজনন্দিনী ! এই তিলক শোভিত। চঞ্চল ময়ন লোল কুণ্ডল মণ্ডিত॥ 🛾 🌬 মুখ চন্দ্রিগা বেবা করে নিরীক্ষণ। ধরাধীমে জন্ম তার হবে না কথন।।

রোগ নাই দেই কৃশ কেন হৈ ভামিনী। বল ছাই হয় কেন স্বৰ্ণ মূৰ্ত্তিখানি॥

হরি যাঁর প্রতিকূল শুকে পদ্মা কন। রূপে কুলে বংশে ধনৈ কিবা প্রয়োজন॥ আমার রত্তান্ত যদি অবিদিত হন। বলিতেছি প্রকাশিয়ে কর হে শ্রবণ॥

কত যে সাধনা শিবে ছেলেবেলা করি।
তুই হয়ে আইলেন শঙ্কর শঙ্করী॥
বলে কিছু লও বর কথাই না কই।
সমুখেতে অধােমুখে দাঁড়াইয়া রই॥
তাই দেখে বলে পারে! পতি হবে হরি।
যে হেরিবে কামভাবে মেই হবে নারী॥
বর দিয়ে বিষ্ণুপুজা শিখাইয়া যান।
তাও বলিতেছি পারে কর অবধান॥
এই যত সথী দেখা রাজার কুমার।
এনেছিল্ স্বয়্বরে জনক আমারাা॥
সবে যুবা রূপে গুণে ছিল ধনবান।
মোরে কামভাবে হেরে নারীদশা পান॥

দেখে উক্ত পয়োধর, নিতম্বের ভার।
চিন্তা করি সহচরি হইল আমার॥
আমা দনে নারায়ণে ধ্যান পূর্জা করে।
আমিও যে কত পূজি ইহাঁদের তরে॥
শুনে শুক মিফ বাক্যে পদারে স্থায়।
বিষ্ণু আরাধনা দেবী শুনাও আমায়॥
ইতি কল্কির বিবাহ উদ্যম।

'বিষ্ণুপূজা পদ্ধতি।

শুক বলে কমলে শিবের চেলানী।
ধরাধামে পুণ্যবতী তুমি ধন্যা জানি॥
যা শুনিলে পাব মুক্তি ভক্তির আধার।
আনন্দে ভাসিবে মন তারিবে সংসার॥
নিজে শিব বলে সেই বিষ্ণুপূজা বিধি।
পাইতে বাসনা বড় এ অমূল্য নিষি॥
এইখানে শুনি যদি তোমার বদনে।
জানিব সোভাগ্য বড় তরিব শ্রবণে॥
,বিষ্ণুপূজা বিধি সেই শুকে পদ্মা কয়।
গাঁক শুকু অক্সহত্যা পাপে মুক্ত ছয়॥

সারিয়ে আহ্নিক স্নান প্রাতে শুচি হয়ে।
পূর্বাদিকে বসিবেক হস্ত পদ ধূয়ে॥
অঙ্গন্যাস ভূতশুদ্ধি বিধি অনুসারে।
দিয়ে অর্থ্য তন্ময় ইইবে তার পরে॥
বিফুরে ডাকিয়া মনে রাখি হৃদাসনে।
ফুল মন্ত্রে কোরো পূজা অর্থ্য আচমনে॥
বসন ভূষণ আদি দিয়ে উপচার।
বিষ্ণুর চরণে ধ্যান কোরো বার বার।

ওঁ নমো নারায়ণ য় স্বাছা।

এই মন্ত্রে স্তৃতি পাঠ ক্রিবেক পরে।
রোগ শোক ভয় ভ্রান্তি সমুদায় হরে॥
রক্তবর্ণ নথ যাঁর সেই গঙ্গাজল।
রয়েছে আঙু ল পত্রে করে বলমল॥
লক্ষ্মীর আধার যিনি ভক্তে ঘেরে রয়।
সেই বিষ্ণু-পাদপদ্মে লইরু আশ্রয়॥
'মণিতে শোভিত যাঁর চরণ হুখানি।
নূপুর বান্দিছে গতি রাজহংস জিনি॥
পরিপান পীতাম্বর লয়া কোঁচা তায়।
উড়েছে নিশান যেন কিবা শোভা পায়॥

ত্রিবক্ত সোণার বালা কি সাজে চরণ। সেই হরি-পাদ-পদ্মে লতেছি শ্রণ। শোভে ছিল যেই পান্না গরুড়ের গলে। তাই শোভে 🕮 হরির জঘন যুগলে॥ গরুড়ের ঠোঁটে যেই রক্তর্ণ মূণি। কি শোভা পেতেছে রাঙ্গা চরণ হুখানি 🛭 আনন্দে ভাসায় যাহা ভক্তের নয়ন। স্মরিতেছি নেই সামি তুইটি জঘন॥ উৎসবে উজ্জ্বল বড় কাঁধের বসর্ন। সেই মোটা জান্ত হুটো করিত্র স্মরণ 🛭 যেথানে জীবের ঘর দোছটেতে ঘেরা। বিধি যম কাম পাত্র যেথা পত্র পড়া॥ খগপুষ্ঠে যান সদা কেই নারায়ণ। বাহ্য কটিদেশ সদা করিছি চিন্তন॥ কি শোভা ত্রিবলী যাতে নাভি স্রোবরে। ু ফুটে ব্রহ্ম। জন্ম পদ্ম কিবা মনোছরে॥ नाँ ज़ी नमी तम द्वारत जान मिन्नू बारत। িপুল ব্রহ্মাণ্ডাধারে স্ক্রম রোম ধরে॥ ্কে জানে ডাগর কত কি রূপ কেমন। ্ঞ্যুল উদর আমি করিস্থ স্মরণ॥

বিরাক্তে কৌস্তুভরাজি ঐবৎস লাঞ্ছিত। কমলা কুচ কুষ্কুমুহারে বিভূষিত ॥ এমন যে হৃদ্পদ্ম শোভিত মালায়। করিকু স্মরণ আমি একচিত্তে তাঁয়॥ যেই হাতে দৈত্যকুল কর বিনাশন। সে দক্ষিণ বাহু ছাটি করিছু স্মরণ ॥ পদা শধ্য বিভূষিত বাম ভুজ দ্বয়। মনেতে সারণ করি লক্ষী মনোময় ৰ সুশোভিত বনমালা পর্য স্থৈনর। मना ধ্যান করি সেই কণ্ঠ যনোহর॥ রাঙা পদ্ম সম ওষ্ঠ চঞ্চল নয়ন। দিবা নিশি স্মারি সেই কমল বদন॥. মদনের স্থাটি যাতে দেখে হাদি ফাটে। সদা সারি আমি সেই ক্রপত্র ললাটে॥ মকর কুগুল কানে কিবা মনোছরে। , স্মরি সেই কর্ণ হুটি সতত অন্তরে ॥ সুচিত্র তিলক শোভে প্রশস্ত ললাটে। ব্ৰহ্মেব্ৰ আশ্ৰয় সেই স্মার অকপটে॥ <sup>ই</sup> ক্লচির চিকুর জাল কাল মেঘ সম। হৃদ্পত্ম হেরে শ্বরি সেই অসুপম ॥

মোহন মুরতি শোভিত পীত বসনে।
রবি শশি জ্বলে যেন রই মু শর্ণে॥
সেবিতে না জানি দীন দেহ পাপময়।
শোক মোহে পূর্ণ, ত্রাণ কর দয়ময়॥
বিফুর এ আদ্য মুর্ত্তি যেবা ধ্যান করে।
শুদ্ধ, মুক্ত হয়ে সেই ব্রহ্মানন্দে হয়ে॥
শিবপ্রোক্ত এই স্তব পদ্মাবতি বলে।
ইহ পরলোকে, এতে চতুর্বর্গ ফলে॥
এই স্তব পড়ে ষেবা পাপ নাশ হয়।
মহামোহে মুক্তি পায় জানিবে নিশ্রে॥
ইতি বিফুপূজা পদ্ধতি।

বিষ্ণপূজা।

শুক বলে দেবী পদ্মে ! করুন্ বর্ণন ।

শুনে যাই সেই পুজা বিধি নারায়ণ ॥

সেই মত পূজা করি আমি ত্রিভুবন ।

করিব আনন্দে যেথা সেথা বিচরণ ॥

পাদ্মা বলে শুন শুক আপাদ মস্তকে ।

অন্তর্মে করিয়ে ধ্যান জপো সে বিফুবে ॥

মূল মন্ত্রে জপে পরে দণ্ডবত করে।
নিবেদিত দ্রব্য দিঞ বিশ্বক্সেনাদিরে॥
সর্বব্যাপী শ্রীবিষ্ণুরে চিন্তা করি মনে।
নৃত্য গীত কোরো হরি নাম উচ্চারণে॥
পরেতে নির্মাল্য শিরে করিয়ে ধারণ।
নিবেদিত দ্রব্য যথা করিবে ভোজন॥
হে শুক! কহিছু আমি তোমার সদল।
বিষ্ণুপূজা বিধি এই শিবের বর্ণন॥
ইতি বিষ্ণুপূজা।

সিংহলে কল্কির আগমন।

যা বলিলে পতিব্ৰতে ! বৃড় তুই শুনে ।
পক্ষী হয়ে মুক্তি পাই আপনার গুণে ॥
দেখি নাই তোমা সমা স্করপসী নারী ।
ব্রিভুবনে আছে কি না লক্ষ্মী বোধ করি ॥
সাপনারে বিয়ে করে ত্রিভুবনে কেটা ।
দেখেছি সমুদ্র পারে হতে পারে সেটা ॥
যে মুর্ত্তি বলিলে ভুমি যদি তুলা করি ।
ভিন্ন পক্ছু নহে দেবি ! হতে পারে হেরি ॥

শুনে পদ্মা শুক বলে কোথা তিনি রন। কোথা জন্ম কি করেন জন্ম কি কারণ ॥ বোধ করি জান সব খুলিয়া বল না। হে বিহন্ন গাছ থেকে কাছেতে এন না । এই সব ফল খাও ঠাণ্ডা জল পান। সাজাব তোমারে আমি কোরে রত্ন দান। রত্ন দিয়ে মুড়ে দেই ও ঠোঁট হুথানি। মুক্তোয় সাজাব পাখা পুচ্ছে দিব মণি॥ চরণে ৰূপুর দিব বাজিবে চলিলে। আর কি করিতে হবে দিও মোরে বলে॥ নিকটে আসিয়ে শুক বলে, তুফ্ট মনে। শন্তলেতে রমাপতি রন্ ভাতৃসনে॥ পৈতে হলে বেদ পড়ে বিষ্ণুযশা-ঘরে। রাম কাছে অন্ত, শাস্ত্রবিদ্যা শিক্ষা করে॥ শিববরে অশ্ব অসি বর্ম শুক পার্ন। ত্বপতি বিশাখযুপে দেন ধর্মজ্ঞান॥

শুক্রুখে শুনে পদা শুকে সাজাইয়া। বিশ্বরে আনিতে বলে যাও শীঘ্র গিয়া॥ শিখাব তোমারে কিবা জান তুমি সব। নমি, বলে দিও, হর বর অসম্ভব॥

---

প্রণমি পদ্মারে শুক শস্তলেতে যান। ণ্ডকে কোলে কোৱে কল্কি সমস্ত সুধান॥ কোথা ছিলে এত দিন বেড়াও কোথায়। সোণার গহনা এত কে দিয়ে সাজায়॥ না দেখিলে এক দণ্ড না পারি থীকিতে। তব সনে ইচ্ছা করি সতত রহিতে।॥ নমি শুক পদ্মা কথা করে নিবেদন। শুনে কল্কি করিলেন সিংহলে গমন॥ সিংহল সমুদ্র পার শোভা কত তার। হাট বাট অট্টালিকা নিশান সোণার॥ (हरत कांक्र मिं शूती कूं छे हन् हित । পুরী মাঝে সরোবর স্থাী নর নারী॥ ্ফল ফুলে অবনত লতা বৃক্ষ যত। পুরীর অপূর্ব্ব শোভা কহিব যে কত॥ স্থান করি বলে কল্কি এই সরোবরে।° কর স্থান, বলে শুক যাই পদ্মা-ঘরে॥ ইতি সিংহলে কল্কির আগমন।

পদ্মা কল্কির সাক্ষাৎ।
তথ্য হতে নেবে কল্কি সরোবরে চলে।
ক্ষটিক সোপানে বসে, শুন শুক বলে॥
সমাদরে ডাকি শুকে পুলকিত মনে।
বলে ষাও শীঘ্র যাও পদ্মার আশ্রেমে॥
নাগেরশ্ব গাছে বসি শুক দেখে সব।
পদ্মার সে মুখপদ্ম মান অসম্ভব॥
সেজেতে পড়িয়ে করে আতার কাতার।
সখীরা বাতাস করে তরু হাহাকার॥

দেখে শুক হেন দশা কাছে আসি কয়।
এত যে চঞ্চল কেন কি ভয় কি ভয় ॥
শুকে দেখি ডেকে কাছে ভাল আছ কয়।
তোমার মঙ্গল হোক কুণাল ত হয়॥
কহিল মঙ্গল শুক, সব হে শোভনে।
তোমার এ দশা কেন আছ যে কেমনে॥

<sup>°</sup>ছট ফুট করে মন তুমি গোলে পরে। বলিতে না পারি মন কেমন যে করে॥

শুক বলে দেবি আর ভাবনা কি তার।
এখনি চাঞ্চল্য সব যাবে আপনার॥
পদ্মা বলে কোথা আছে হেন রসায়ন।
শুক বলে এইখানে পাবে দরশন॥
আমি যে হতভাগিনী পাব না পাব না।
শুক বলে সরে গিয়ে দেখ না দেখ না॥
এসেছি হুজনে মোরা আর কি ভাবনা।
চল চল সখীসনে বিলম্ব কোরো ঝা॥

-000-

শুকমুখে দিয়ে মুখ নয়নে নয়ন।

আনন্দে না বাঁচে পথা ডাকে সখীগণু॥

বিমলা মালিনী লোলা, কুমুদা কমলা।

চল প্রের চারুমতি ও কামকন্দলা॥

চল সরোবরে ডোরা প্রের বিলাসিনী।

নুয়ন জুড়াই গিয়ে দেখে চিন্তামণি॥

ডুলি চড়ে পথা দেবী যান সরোবরে।

যৌবনে গুর্বিতা নারী ডুলি কাঁধে করে॥

দরশুনে যত্নপতি রুক্মিণী যেমন।

সেই মত দেখ্তে পথা করেন গমন॥

পদার গমন শুনে রাস্তার হুধারী। পলায় পুরুষ সর পাছে হয় নারী। চাঁদবদনা শোভনা যতেক ললনা। সরোবরে নেয়ে করে শশিরে রাসনা।। যদান্ধ ভ্রমরা যত কথা ত মানে না। মুখপদ্মে বসে গিয়ে তাড়ালেও যায় না॥ নৃত্য গীত বাদ্যে পদা প্রফুল্ল অন্তরে। স্থীসনে ধরাধরি জলকেনি করে॥ শুক কথা মনে পোড়ে জ্বরে কামশরে। मथी (त ! कमश्र कूछ (भारत न राय हन् रत ॥ মণিময় বেদিকায় কল্কি শুক সনে। সুর্য্যের সমান তেজী আছেন শয়নে॥ **ঞ্জিবৎস কৌস্তুর্ভ কান্তি অতি মনোহর**। পীতাম্বর পরিধেয় শ্যাম কলেবর॥ আজাবুলম্বিত ভুজ কমল লোচন। কমলাপতিরে পদা করে নিরীক্ষণ॥ রূপ দেখে ভুলে যায় করিতে সৎকার। শুক দেখে চেফী পায় নিদ্রা ভাঙাবার ॥ থাম থাম বলে পথা চিন্তা বড় মনে। পাছে নারী হয়ে যান মম দরশনে॥

তা হলে শিবের বর কি হবে আমার। সে সবু আমার পক্ষে শাপ মাত্র সার॥ পত্মার মনের ভাব বুঝে উঠে জেগে। রূপদী পদারে দেখে দাঁড়াইয়ে আগে॥ দেখা মাত্র পদ্মা দেবী লক্জাতেই মরে। কাছে এস বলে কল্কি কামশরে জ্বরে॥ আজি যে কি শুভ দিন দেখা তব সনে। কুশল হউক সব হে চাঁদ বদনে॥ •. • দংশেছে মন্মথ সর্প বিষ চড়ে গায়। তোমা বিনা নাহি দেখি শান্তির উপায়॥ আমি জগতের নাথ তবু স্থলোচনে। তোমা বিনা শান্তি লাভ নহে এ জীবুনে॥ মত্ত গজ কুন্তে শাদী অঙ্কুশ আঘাতে। বিদারণ করে মাথে আপনার হাতে॥ আয়ত যুগলভুজে নথাস্কুশাঘাতে। হ্লদি কেটে যায়, দূর কর সে মন্মথে॥ প্রগৌল যুগল কুচ বস্ত্র ঢাকা রয়। গর্ব্ব থর্ব্ব কর গুর দলিয়ে হৃদয়॥ রেখ্বাবলি চিচ্ছে এই চিহ্নিত ত্রিবলী। ঋতুরাজ সিঁড়ি সেই কন্দর্পের কেলি॥

ওরে প্রাণপ্রিয়ে আর আমি কি জানিনে।
কাম-দর্প চূর্ণ এই নিতম্বপুলিনে॥
আহা কিবা শোভা হেরি মিহিঁ বস্ত্র দিয়ে।
বিষ শান্তি কর প্রিয়ে! হদয়ে লাগিয়ে॥
কল্কির অন্ত বাক্য প্রাণ দৈবি শুনি।
দেখে তাঁর পুরুষত্ব নাহি হয় হানি॥
সখীসনে নতশিরে যুড়ি হুটি কর।
কল্কিরে বলেন, খীরে করি সমাদর॥
ইতি প্রাণক্লির সাক্ষাও।

পদার দক্ষে কল্কির বিবাহ।
সূত বলে, পদান্দিবী কল্কিরে দেখিয়া।
গদগদে স্তব করে লজ্জিত হইয়া।
জগন্নাথ রমাপতে ধর্ম বর্মধারী।
আমারে প্রদন্ন হও প্রভা রূপ। করি॥
চিনিতে পেরেছি আমি আমি আপনার।
রক্ষা কর এ দাসীরে অহে সারাৎসার॥
ধন্যা আমি পুণ্যবতী লভেছি চর্গ।
মোরে অমুমতি দেব। করুন এখন॥

পিতৃ কাছে এসে পদা করে নিবেদন। শুনে রুহদ্রথ হর্ষে কৃরিল গমন॥ সঙ্গে যায় পাত্র মিত্র বিপ্র পুরোহিত। পূজার সামগ্রী সৰ আর নৃত্য গীত॥ মছা সমারোহে চলে কল্ফিরে আনিতে। সোণার নিশান উড়ে সবে পুলকিতে॥ শুক সনে আছে বসে সরোবর ধারে। শ্যাম কলেবরে শোভে ইন্দ্র্কাপ করে।। সে শ্যাম স্থন্দর সঙ্গে কি শৌভা ভূষণে। দেখিতে অপূর্ব্ব স্থন্দর পীত বসনে॥ কল্কি মুখ দেখে রাজা আনন্দেতে ভাসে। বিধিমত পূজা করি সকরুণ ভাষে॥ মান্ধাতা তনয় সনে মিলে ছিলে বনে। সেই মত মিলি আমি ধন্য এ জীবনে॥ যরে আনি পূজা,করি অতি সমাদরে। দ্বিলেন পদ্মারে রাজা পদ্মনাভ-করে॥ সোণরি বরণ পদ্মা শ্যাম অঙ্গ কল্কি। ষেন নীলু পীতে রাজী, শোভা বল্ব কিঁ॥ পেয়ে প্রিয়তমা কল্কি সাধুর আদরে। রছিলেন কিছু দিন সিংহল ভিতরে॥ [8] किल्क

পদ্মা সধী নারী রাজা পদ্মা স্বয়ন্বরে।
ছুটে এসে কেঁদে পড়ে কল্কিপদ ধরে॥
বলে কল্কি রেবা জলে স্নান কর গিয়ে।
হইল পুরুষ ভাব জল মাত্র ছুঁরে॥
কল্কির প্রভাব দেখি যত রাজাগণ।
প্রণাম করিয়ে স্তব করে আরম্ভণ॥
ইতি পদ্মার সঙ্গে কল্কির বিবাহ।

নরপতিগণের স্তব।

জগতের কারখানা মায়া আপনার। আবার মায়ার বলে হয় ছারখার॥ প্রাণি শূন্য ত্রিভুবন দেখি জলময়। মীনরূপে ধর্ম রক্ষা কর দয়াময়॥ জয় জগদীশ জয় জগত আধার। জগত জীবন প্রভো মায়ার সংসার॥

যবে দানবেরা ইক্সে পরাজয় করে।
মহাবলী হির্ণ্যাক্ষ দেবেরে সংহারে॥
"তথন বরাহ মূর্ত্তি করিয়ে ধারণ।
ুলুত্য নাশী রাখ পৃথী অহে ভগবন॥

এখন কর<sup>°</sup>হে ত্রাণ মোরা হুরাচারী। কটাক্ষে দেখ হে প্রভো গোলকবিহারী॥

সমুদ্র মন্থনে যবে রাখিতে মন্দরে। দেবগণ পরস্পার ভেবে ভেবে মরে॥ অস্ত খাওয়াও দেবে কুর্মারূপ ধরি। মোরা অতি দীন প্রভো! তুফ হও হরি॥

হিরণ্টকশ্যপে ব্রহ্মা দিয়েছিল বর ।

মরিবে না শস্ত্রে, হাতে দেবতা কিন্নর ॥

দৈত্যরাজ পেয়ে বর মারে দেবগণে ।

দৈত্যভয়ে ভীত দেব পূজে নারায়ণে ॥

নরসিংহ মূর্ত্তি ধরে তুমি.নাশ তারে ।

তোমার মহিমা প্রভো বলিতে কে পারে ॥

'বলিরে ছলনা কর বামনাবতারে। মারিলে হৈছয়ে, যারা মন্ত অহস্কারে॥ ভৃগুবংশে রামরূপে হয়ে অবতার। ধরা কেত্রি শূন্য কর কড়ি এক বার॥

রাবণ বধিতে জন্ম দশগ্রথ ঘরে। সীতা হেতু জলনিধি বাঁধিল বানরে॥ বলভদ্র রূপে প্রভো আসি যহুকুলে। দৈত্য নাশি পাপ শূন্য হল ধরাতলে॥ ঘুণা করি বেদ ধর্মা বুদ্ধ অরতার। ্মিথ্যা মায়া পরিহার ত্যজিয়ে সংসার॥ কলিকুল বৌদ্ধ শ্লেচ্ছে নাশিতে আপনি। কন্কিরপে অবতীর্ণ ধর্মদেতু জানি॥ আর কি বলিব মোরা হইতে উদ্ধার। নরক এ নারী যোনি নিতম্বের ভার 🛚 মোরা পাপী হুরাচারী অহঙ্কারী নর। কুপা কর কুপানাথ দয়ার সাগর ॥ ইতি নরপতিগণের স্তব।

----

### অনন্ত কথা।

সূত বলে রাজাগণ কল্ফির বদনে।
বিপ্র বৈশ্য ক্ষেত্রি আর বৈশ্যধর্ম শুনে॥
সংসার বিবেকী ধর্ম আছয়ে বেমন।
কল্ফিদেব সেই সব করান শ্রবণ॥

তার পর নৃঁপগণ করে নিবেদন। ৰর নারী হয় কেন বাৰ্দ্ধক্য যৌবন॥ কি করিণে সুখ ছুঃখ কোথা হতে হয়। জানি না এ সব তত্ত্ব কছ দয়াময়॥ এই কথা শুনে কল্ফি জানুন্তেরে স্মরে। তীর্থবাসী মুনি আদি বলে যোড় করে॥ কি কাজ করিতে দেব কোথা যেতে হবে। আজ্ঞা কর দয়াময় মোরে যে সম্ভূবে ॥ অনন্তের কথা শুনে হেঁসে কল্কি কয়। যা বলেছি জান সব দেখ সমুদয়॥ অদুষ্টে লিখন যাহা কে করে খণ্ডন। কৰ্ম বিনা ফল লাভ না হয় কথন। কল্কিকথা শুনে মুনি আহ্লাদিত হন্। তথা হতে যেতে ব্যস্ত দেখে নৃপগণ॥ জিজ্ঞানে আশ্চর্য্য হয়ে কগু ভগবন্। বলাবলৈ মুনিসনে কি হল কেমন।। কল্কি বলে সেই কথা জান্তে ইচ্ছা হয়। মুনিরে জিজ্ঞাসা কর নৃপ সমুদয়॥ কল্ফিবাক্যে অনস্তেরে সবে যুড়ি পাণি। কল্কি সনে কোন্ কথা কছিল। আপনি॥

#### কল্ফিপুরাণে

কিছুই না বুঝি মোরা আঁছে মুনিবর। প্রকাশ করিয়ে কহ কথা মনোহর॥

---

কছেন অনন্ত সে কালে পুরিকা পুরে। বিক্রম নামেতে ঋষি ছিল বাস করে॥ তিনি পিতা সোমা মাতা বয়সেতে হই। ক্লীব দেখে ছঃখী তাঁরা ছাণিত সবাই॥ শোক হুঃখ ভয়াকুলে পিতা ত্যজি ঘর। শিব বনে গিয়ে সদা পূজেন শঙ্কর॥ বলে এক মাত্র তিনি জীবের আশ্রয়। যিনি শুভপ্রদ কণ্ঠে দর্প শৌভাময়॥ যাঁর জটা জুটে গঙ্গা সদা বদ্ধ রন্। দেব দেব সে শঙ্করে নমি জারুক্ষণ॥ হয়ে তুট ভোলানাথ রুষ আরোহণে। বর লও বলে বাপে প্রসন্ন বদনে॥ পিতা বলে দেব। পুত্র মোর ক্লীব দেখে। 🔍 দিন দিন থাকি আমি সদাই অসুখে॥ প্ল রুষত্ব বর শিব দিলেন আমায়। তথনি পাৰ্বতী দেন পতি-বাক্যে সায়।

মাতা পিতা তুই দেখে পুরুষ আকার। মহানন্দে দিল বিয়ে হই বর্ষ বার॥ যজ্ঞরাত তনয়ারে দৈখিয়ে স্থন্দরী। দিবা নিশি গৃহে থাকি বশীভূত তারি॥ পিতা মাতা পরে স্বর্গে করিলে গমন। বিধি মত শ্রাদ্ধ শান্তি করি সমাপন॥ মাতা পিতা বিনে হুঃখী হই হে রাজন। এক মনে সদা করি বিষ্ণু আরাধন ॥ . পূজা জপে তুষ্ট বিষ্ণু স্বপ্নে আসি কন। সংসারে যে কিছু সব মায়া নিবন্ধন ॥ ইনি পিতা ইনি মাতা কেহ কার নয়। মায়া স্তুত্ত ক্লেশ মাত্র শোক ছংখ ভয়॥ বিষ্ণ কথা শুনে ব্যস্ত সন্দেহ নাশিতে। অন্তর্হিত হন্ হরি না পাই দেখিতে॥ প্রিয়া সনে গৃহ ছাড়ি জগন্নাথে যাই। ডান দিকে কুঁড়ে বাঁধি চিন্তাতে কাটাই॥ দেখিৰ কেমন মায়া হরি নাম করি। নৃত্য গীতে জপি জাঁরে স্থথে দিন হরি॥• কাটাই বৎসর বার বিষ্ণু আরাধনে। সাগরে নাইতে যাই দ্বাদশী পারণে॥

জুবে যাই ঢেউ লেগে হারু জুরু খাই। সাগর দক্ষিণ তীরে বায়ুবেগে যাই॥ ব্রদ্ধর্শন্মা নামে বিপ্র সন্ধ্যা করি সায়। মরা মত মোরে দেখি ঘরে লয়ে যায়॥ আরাম করিয়ে পালে ছেলের মতন। পুত্র ধনে সুখী রুদ্ধ ছিল হে রাজন্॥ দিক্ হারা হয়ে আমি রই সেইখানে। পিতা যাতা যত যানী ভাঁদের হুজনে॥ রদ্ধশর্মা বেদে দীকা করিয়ে আমায়। চারুমতী কন্যা তাঁর বিয়ে মোরে দেয়॥ সোণার বরণ তার পরমা স্বন্দরী। মোহে পোড়ে তারে লয়ে গতত বিহারী। পাঁচ পুত্র হয় সোর বিজয় কমল। জ্যেষ্ঠ পুত্ৰ বুধ নাম কৰিষ্ঠ বিমল ॥ ধন পুত্তে দেব মান্য ইব্ৰু সম হই। জ্যেষ্ঠ পুত্র বিয়ে, বড় ধূম ধামে দেই ॥ অভ্যুদর হেতু আমি করিতে তর্পণ। সানন্দে স্বাগর তীরে করিত্ব গম্বন ॥ , কর্ম সারি জলে থেকে উঠিব যখন। নিষ্ক্র্যা পূজা করি দেখি পূর্ব্ব বন্ধুগণ ॥

হে নৃপতিগণ, আমি বড়ই উন্মনে। পারণ করিতে দেখি<sup>\*</sup>ভক্ত বিপ্রগণে ॥ রূপ আঁয়ু কিছু মাত্র ব্যত্যয় না হয়। জিজ্ঞাসে আমারে সবে দেখিয়ে বিস্ময়॥ অনন্ত ব্যাকুল কেন ? জ্বক্ত চূড়ামণি। ত্যজিয়ে পারণা, বল কি ভাব তা শুনি॥ দেখি নাই শুনি নাই কিছু হে এ কাণ। কামে বিমোহিত আমি বড় নীচ মন্ ॥ দেখিতে সে হরি-মায়া চিন্তা করি মনে। জ্ঞান বুদ্ধি হলো লোপ সেই মায়া গুণে॥ হায় কি আশ্চর্য্য বড় নিজে ভুলেরই। আমি বিনা মায়া মৰ্ম জানে না কেছই॥ দারা পুত্র ধনাগার বিবাহ বিষয়। ছট ফট করে মন তাই মনে হয়॥ দেখ্চি সকলি স্থা, দেখে ভার্যা বলে। কাছে এসে কেঁদে পড়ে কি হলে कि হলে॥ জগক্লাথে পূর্ব্ব নারী স্মরি পর নারী। কাতর হুইন্থ কত বলিতে না পারি॥ জনেক পরমহংস এমন স্ময়। কাছে আদি হিত-বাক্যে আমারে বোৰায়॥ পরম ধার্মিক তিনি ধীর তত্ত্বজ্ঞানী।
সুর্য্যের সমান তেজী শান্ত মূর্ত্তি থানি॥
পরমহংসেরে দেখি মম বন্ধুগণ।
কাছে আসি পূজা করি মন্সল সুধান॥
ইতি জান্ত্র কথা।

-000

#### याशा श्रिक्नि ।

সকলে পরমহংসে কাতরেতে কয়।
অনন্ত হইবে ভাল কিসে মহাশ্য়॥
ভাঁহাদের মন-কথা জানিয়ে ঠাকুর।
মোরে দেখে বলে ওরে জনন্ত চতুর॥
কোথা তব চারুমতি পুত্র গঞ্চ আর ?।
বিচিত্র ভবন কোথা কোথা ধনাগার ?॥
কর হেথা অদ্য কিবা পুত্র বিয়ে দিনে।
আজও তোমারে হেরি সাগর পুলিনে॥
করে স্মাদর সবে তোমারে সেখানে।
নিমন্ত্রণ ছিল আজি দেখ ভেবে মনে॥
সেধা দেখি যুবা, হেথা বয়স সত্তর।
ভালত্ত হতেছে মনে এ সংশার বড়॥

তোমার এ ভার্য্যা আমি না দেখি তথায়।
কোথা থাকি আমি তুমি কেমনে হেথায়॥
কে আনিল এইখানে না পারি বুঝিতে।
আমি কি ভিক্ষুক দেই তুমি কি অনন্তে ?॥
তোমাতে আমাতে দেখা ভেল্কীর মতন।
উন্মত্তের ন্যায় এই কথোপকথন॥
ধার্মিক সংসারী তুমি আমি যে ভিখারী।
দিবা নিশি আমি পরমার্থ চিন্তা করি.॥
এ সব বিষ্ণুর মায়া বোঝা নাহি যায়।
বোঝাই যদ্যপি, অদৈত জ্ঞান জন্মায়॥
এ বোলে পরমহংস হইয়ে বিস্ময়।
মার্কণ্ডে ভবিষ্য কথা বলৈ সমুদ্য়॥

অনন্ত বলেন ডেকে অহে রাজাগণ। সেই কথা বলি আমি করহ শ্রবণ॥

দৈখেছ মারারে লয়ে বিষ্ণুর উদরে।
সেই মারা জগৎ ব্যাপ্ত জন মন হরে॥
যেমুন গণিকাগণ বেশ ভূমা করে।
দাঁড়ায় রাস্তার ধারে জন মন হরে॥

মিথ্যার সংসারে মায়া ভ্রমিয়া বেড়ায়।
কিছুতেই নাশ নাই সন্তাপ বাড়ায়॥
প্রালয়তে লয় পেয়ে খালি অন্ধকার।
ভ্রিভুবন স্ফি হেডু হন্ অবতার॥
পুরুষ প্রকৃতি পরে মাহাত্ম্য বিস্তারি।
মহতত্ত্ব অহংতত্ত্ব হয় সহকারী॥
ভ্রিণ্ডণে বিভক্ত, ভ্রন্ধা বিষ্ণু মহেশ্বর।
ক্ষিতি আদি পঞ্চ ভূত হয় পর পর॥
পুরুষ প্রকৃতি যোগে এই স্ফি হয়।
পুরুষ প্রকৃতি যোগে এই স্ফি হয়।
মায়াতে আবদ্ধ জীব সংসারেতে রত।
পুরুষ মরে মুক্তি পথ বিভ্রম সতত॥

মায়ার ক্ষমতা কত, ব্রহ্মা আদি দেব যত,
রজ্জু বদ্ধ পাখীর মতন।

শায়া বশীভূতে রয়, টেনে মায়া মোহময়,

ানাসা বিদ্ধ র্যভ যেমন॥

মায়া নদী হতে পার, অভিলাষ হয় যার,
জানিবে সার্থক জন্ম তাঁর।

সেই মুনী ধরগণ, বংসারেতে মুগ্ধ নন, অর্থ তত্ত্ব জ্ঞাত সে জনার॥ স্থুত ধলে, অনন্তকে অতি সমাদরে। জিজ্ঞাসেন রাজাগণ কি হইল পরে॥

তার পর তপ্স্যায় যাইলাম বনে। মন কাম উভয়ের নিগ্রহ কারণে॥ পরত্রন্ধে ধ্যান করি এক মনে যবে i ধন পুত্র পরিবার মনে হয় তবে॥ তপস্যায় বিদ্ন দেয় বড় কন্ট মনে। ইন্দ্রিয় নিগ্রহ হেতু বস্থিলাম ধ্যানে॥ উপেব্রু প্রচেতা ইব্রু অশ্বিনীকুমার। দিকু সুর্য্য বায়ু আসে নিকটে আমার॥ বলে হে অনন্ত মোরা ইন্দ্রিয় দেবতা। তোমারো শরীরে থাকি জান না কি হেথা ?॥ যোদের মারিতে গিয়ে আপনি মরিবে। সফল তোমার কায কদাচ না হবে॥ কাঁণা খোঁড়া বনবাসী যিনি যেখা রয়। বিষয় আত্মাদে ইচ্ছা কাহার না হয় ? 🛭 . ि के किक

### কল্কিপুরাণে

मर्भातत भृष्ट्य कीय, त्मर कीय घत । " মনের অধীন দেহ বুদ্ধি নাড়ী বড়॥ সে বুদ্ধির মোরা সব পিছু পিছু যাই। विक्याश दाता यन मरमाती मनारे॥ মনেরে শাসিতে যদি কোরে থাক মন। তবে তুমি বিষ্ণু-ভক্তি কর আচরণ॥ তাতে স্থধ মোক্ষ লাভ সর্ব্ব কর্ম্ম নাশী। দ্বৈত ও অদ্বৈত জ্ঞানে পাবে অবিনাশী॥ 🍽 নস্ত ! দেহাঁত্তে তুমি বিষ্ণু-ভক্তি বলে। পাইবে নির্বাণ মুক্তি কল্কিরে দেখিলে॥ ভক্তি সহ কেশবের করিত্র অর্চন। প্রভুরে দেখিতে আজি করি আগমন । অপরপ রূপ হেরি অপদের পদ। বাক্যহীনে বাক্যাস্ত জগত সম্পদ॥ কমলাক পদা-নাথে নমকার করে। অনন্ত চলিয়া ধান প্রফুল্ল অন্তরে ॥ পদ্মা সনে পদ্মানাথে পূজে রাজাগণ। মৌক্ষ হেতু তপস্যার্থ করিল গমন॥ এমন অনপ্ত কথা যেবা পাঠ করে। দুরে যায় মারা, অজ্ঞান তিমির হরে॥

63

বিষ্ণু সেবি শুনে পড়ে যেই মহাশয়। গৃহে থাকি ছয় রিপু করে তিনি জয়॥ ইতি মায়া প্রদর্শন।

পদ্মা লইয়া কল্কির শস্তলে গমন। রাজাগণ গেলে কল্কি ঘরে যাই বলে। শুনে ইন্দ্র বিশ্বকর্ম্মে পাঠায় শস্তলে 🛭 • বানাবে আৰু ষ্ঠ্য পুরী আমার মতন। কস্থর হইলে শান্তি পাবে বিলক্ষণ।। তাড়া পেয়ে বিশ্বকর্মা বানাইল পুরী। দেখে লোক চক্ষু স্থির শিপ্পের চাতুরী॥ হর্ম্ম বাপী বন-লতা শোভে সরোবর। যেমন অমরাপুরী কে বলে অন্তর॥ কারুমতী পুর ত্যজি সাগরের তীর। পত্মা সনে এলে কল্কি লেগে গেল ভীড়। हिं हिरा की यूनी कार इंड प्रथ मत्न। ভাসিল ব্লয়ন-জলে পদার কারণে ॥ ভক্ত হেতু তুষ্টে রাজা কি করে উপায়।

পদা সনে কমলারে করেন বিদায় ॥

লক্ষ ঘোঁড়া, ছুণো দাসী রথ ছু-ছাজার। হাজার দলেক গজ দেন সঙ্গে তাঁর॥ পদ্মা সনে পদ্মাপতি প্রণমে শৃশুরে। বাশীর্বাদ করে রাজা জামাই কন্যারে॥ রাজা রাণী তাঁহাদের কোরে বিসজ্জন। নিজ কারুমতী পুরে করে আগমন॥ জন্বুকে সমুদ্র পার যাইতে দেখিয়া। একেবারে স্তব্ধ হন্ বিশ্বিত হইয়া ॥ আপনিও পদা সনে সাগরের জলে। স্থী সঙ্গে মহানন্দে পার হয়ে চলে॥ শুকে বলে বাপ মারে দেও সমাচার। ইজের আদেশে পুরী হয়েছে আমার॥ সাকাশেতে উড়ে শুক শন্তলেতে যায়। মোহিত হইরে পড়ে নগর শোভায় ॥ ঘরে ঘরে ষায় শুক বন বনান্তর। গাছে গাছে বসে শেষে বিষ্ণুযশা ঘর॥ বিয়ে আদি দিল সব শুভ সমাচার। বিষ্ণ্যশা শুনে হর্ষে করিল প্রচার ॥ , শুনিয়ে বিশাখযুপ ডেকে প্রজাগণ। ফল ফুল গাছে পুরী করে স্থগোভন ।



পরম স্থন্দর হলো শস্তল নগর। পদ্মা সনে প্রাপতি আসে অনন্তর॥ পিতা মাতা পদে নত ব্ৰহ্মযশা খুদী। সুমতি দেখিলা ব্ধু পরম রূপসী॥ শস্তুল কল্কিরে যেন পতি রূপে বরে। বড় বড় বাড়ী গুলো যেন পয়োধরে। কলি বিনাশন কল্ফি পদ্মারে লইয়ে। সতত বিহার করে কামে মত হয়ে॥. পরে কমলার গর্ভে কবি পুত্র দ্বয়। রুহৎকীর্ত্তি রুহৎরাত্ত এই নাম হয়॥ প্রাজ্ঞের ঔরসে হুটি সন্নতির পেটে। ষজ্ঞ বিজ্ঞ নাম ছটি জিঁতেন্দ্রিয় বটে ॥ প্রসবে মালিনী শাসন ও বেগবান। সুমন্ত্র প্রবেদ জন্ম ভক্ত স্থবিদ্বান॥ কল্কিতে পদার গর্ভে জয় ও বিজয়। মহাবল হুই পুত্র উৎপাদন হয়॥ यद्धक्दर्ख (मध्य किन्क वर्णन वार्शरत । ধন আৰু কোরে দিব নৃপ জয় করে॥ • আ্ত্রা দেও যাই আমি দিগ্যিজয় আশে। পিতারে প্রণাম কোরে সেনা সনে ভাসে॥ কীকট নগরে যান বেদ্ধির আলয়।
বেদ ধর্ম শূন্য তারা কেছ কার নয়॥
জাত নাই কুল নাই শ্রাদ্ধ নাছি করে।
আপনারে বড় মানে খালি ধন হরে॥
নারী, ধনে, ভক্তরেয়, ভরা সে নগর।
লোক জনে পরিপূর্ণ পরম স্কুলর॥
মহাবল জিন শুনে কন্কি আগমন।
আপনা লইয়ে সেনা বহির্গত হন্॥
নিশানে রদ্ধুর গেল কনক ভূষণে।
শোভে ধরাতল অস্ত্রধারী রথীগণে॥
ইনি পদ্মা লইয়া কল্কির শস্তলে গমন।

# विषयुष ।

কল্কি-রণে ছিন্ন ভিন্ন বৌদ্ধ-সেনাগণ।
কেঁদে কেটে প্রাণ নিয়ে করে পলায়ন॥
কল্কির ধিক্কার শুনে মহারাজ জিন।
বাঁড়ে চড়ে এলো যুদ্ধে কিন্তু বল হীন॥
জিনের আঘাতে কল্কি পড়ে ধরাতলে।
নৃপতি বিশাধ্যুপ লয়ে গেল ভুলে॥

## বৌদ্ধযুদ্ধ

চোক বুঁজে পড়ে কল্ফি হাঁপুস্টি খায়। সংজ্ঞা পেয়ে লাফ দিয়ে জিন কাছে যায়॥ সেনা মাঝে পড়ে হানে হাজার হাজার। হাতী ঘোঁড়া রথ উট সীমা নাই তার। গার্গ্য ভর্গ্য কবি মারে কোটি কোটি সেনা। মারিল সুমন্ত্র প্রাডের না যায় গণনা॥ হেঁসে কল্কি জিনে বলে মোর কাছে আয়। দৈব বোলে জান্ মোরে প্রাণ তোর যায়॥ জিন বলে বৌদ্ধ-ছাতে দৈবের বিনাশ। দেখিতেছি তোর সব বিফল আয়াস॥ মার দেখি থাকে শক্তি যেই তুই হোস্। দর্কার লাহিক করে কি করি তোর রোস্॥ ক্রোধে জিন শরে শরে ছয়লাপ করে। কল্কিও বিনষ্টে, যেন হিম দিবাকরে॥ শেষে কল্কি য়ারে জিনে চুলে মুট ধরি। ছুই জনে কোন্তা কুন্তি করে মারামারি॥ ভাঙিল জিনের কটি কল্কি গদাঘাতে। কেঁদে উঠে জিন-সেনা চীৎকার শব্দেতে ॥ শুদ্ধোদন জিন-ভাই গদা লয়ে করে। কল্কিরে যারিতে এসে আপনিই মরে॥

বিপ্র সূনে শুদ্ধোদনে লেগে গেল রণ। হুজনে সমান বলী কেছ নয় কম। অকন্মাৎ গদাখাতে কবি মুর্ক্তা যায়। বিপরীত দেখে শুদ্ধো স্মারিল মায়ায়॥ व्यारंग कति योश (नवी त्येष छक्तामन। লক্ষ কোটা ফ্লেচ্ছ-দৈন্যে উপস্থিত হন্॥ মারা দেবী দেখে পড়ে কল্কি-সেনাগণ। দেখে কল্কি সন্মুখে করিল আগমন। **(मर्थ गा**या कल्किरमर कतिल প্রবেশ। যায়া বিনা বৌদ্ধদের বল হলো শেষ॥ ছায় দেবী কোথা গেলে কাঁদে বৌদ্ধগণ। এক দণ্ডে মে ছ-সেনা হইল নিধন॥ দেখিয়ে কল্কিরু-রূপ ভয়ে বৌদ্ধ মরে। স্বৰ্গ মৰ্ত্ত্য ধরাতলে আনন্দ না ধরে॥ জীবাদির হর্ত্তা কর্ত্তা বিষ্ণু অবতার। किल्काप्त कतिरवन भक्त मवात ॥ ইতি বৌদ্ধযুদ্ধ।

# श्रिष्ठ् निधन।

---

কল্কি, ভাই বন্ধু সনে মিলি নৃপগণ। পাঠাইল ফ্লেচ্ছগণে শ্বন-ভবন।। वीक एकाएन रेमत्ना किल्क (मनाशर्व। লেগে গেল ছোর যুদ্ধ হুয়ে প্রাণপণে ॥ কাকাক্ষ, কপোতরোমা, কাকরুষ্ণ পরে। অগণা জমিল সেনা কিলিমিলি করে॥ রক্তে মাঠ ভেমে গেল যেন নদী বয়। দেখে শুনে প্রাণি মাত্রে লেগে যায় ভয়॥ নদীর দেওলা কেশে ঢেউ শরাসনে। হাতিতে হইল তীর গ্রাহ তুরক্ষমে॥ কাটা মুঞ্জু কূর্মা হলো রথেতে তরণী। মাসুষের হাতে মাছ, সুধু কাল্লা-ধুনি॥ গজে গজে রথে রথে অশ্বে আর নরে। ভূমুল সংগ্রাম বাদে উট্রে আর খরে॥ আদন্দে শকুনি ফেরু রক্ত মাংস খায়। ধার্মিকের মহানন্দ মেচ্ছ মরে যায়॥ পোড়ে গেছে সারি সারি কলাগাছ প্রায়। হস্ত পদ কন্ধ কাটা ভূমিতে লুটায়।

কেই ৰা পলার ছুটে কেছ জ । থায়। কন্দির ছাতেতে মেচ্ছ নিস্তার না পায়॥ স্থক্লপদী ছুঁড়ি যত শ্লেচ্ছের রমণী। যেতে গেল রণে অতুল বল-শালিনী॥ পতির বিনাশ দেখে কেহ রথে চড়ে। কেছ গজে কেছ অশ্বে, রুষে কেছ খরে॥ **মারিতে কল্কির সেনা চলে শোভা করে।** স্বৰ্ণ বালা বিভূষিত খড়া শক্তি ধরে ॥ অপূর্ব্ব বসন পরে জন মন হরে। পাইল পরম শোভা শরাসন শরে॥ রণক্ষেত্রে পতি-দশা করে নিরীক্ষণ। কল্কি-সেনা সনে রণে লাগিল তথন। এ সংবাদ কল্ফি কাছে কহিল যখন। পাত্র যিত্র সনে কল্ফি করে আগমন॥ মেন্দের রমণীগণে দেখে পদাপতি। বলে ওলো নারী হয়ে কর কি হুর্গতি ?॥ পুরুষের কাষ কবে নারীতে কি সাজে ?। এ মুখ চক্রিমা হেরে মারি কোন লাজে ? ' ্ছল ছল করে অাখি অতি মনোহরে। কার সাধ্য যারে এই নয়ন ভ্রমরে ?।।

কন্দর্পের দর্শহারী সর্পে শোভা করে।
কে পারে হানিতে শর কুচ কুন্ত শিরে ?॥
চঞ্চল চকোর যার মুখ স্থা থেতে।
অকলঙ্ক সে বদনে কে পারে মারিতে ?॥
শোভিত বিরল লোমে নত কুচ-ভারে ?।
এমন স্থতনু মাঝে কে বল প্রহারে॥
দোষ হীন স্থন জঘন মনোহর।
বল কে মারিতে পারে তাহার উপর ?॥
কল্কি-কথা শুনে হেঁসে বলে নারীগণ।
পতি সনে গেছি মোরা বাঁচি কি কারণ॥
কিন্তু এ আশ্চর্য্য বড় অন্ত্র শস্ত্র করে।
নাম মাত্র দেখিতেছি কার্য্য নাহি করে॥

অন্তেরা সমুথে এসে বলে নারীগণ।
মোরা সব মুর্তিমান কর দরশন ॥
বাঁর আজ্ঞা মানি মোরা বাঁহা হতে হই।
তাঁরে কি মারিতে পারি প্রভু তিনি এই॥
বাঁহার তাঁকালে স্ফি স্থিতি আর লয়।
মহতত্ত্ব অহন্ধার তাঁর মায়াময়॥

পতি পুত্র ভাষ্যা বন্ধু কৈবা কোপা কার। ইব্রুজাল তুল্য থালি স্বপ্ন মাত্র সার॥ ভগৰানু কল্কি সেবা যেবা নাছি করে। যাহাদের সদা মন রাগ অহঙ্কারে॥ মোছ হেতু স্নেছ-জালে বদ্ধ রয় যারা। জানিয়ে সংসার মায়া আসে যায় তারা॥ কোথা কাল কোথা স্ত্যু যম বা কোথায়?। কোথা দেব খেলা খালি কল্কির মায়ায়॥ হে কামিনীগণ! অস্ত্ৰ নাই শক্তি নাই। ভ্ৰমে লোকে শস্ত্ৰ বলে প্ৰভু আজ্ঞাবাহী॥ নাশিতে ইহাঁর দাসে হেন শক্তি নাই। দৃটান্ত প্রহ্লাদে যেন মারিতে যাওয়াই॥ অস্ত্র শস্ত্র বাক্য শুনি শ্লেচ্ছনারী কত। ত্যেয়াগিয়ে স্বেই মোহ কল্কি-পদে নত॥ দেখিয়ে কমলাপতি দেন উপদেশ। জ্ঞান পেয়ে ভক্তি দ্বারা স্বর্গে গেল শেষ॥ ভূক্তিভাবে হরি-ভক্তি কথা সুধাময়। পড়িলে শুনিলে মোক মারা মোহ যার॥ জন্ম স্তুত্ত অসুভব কথন না হয়। ছু থের সংসার আর কলাচ না বয়। ইতি মেচ্ছ।

### कूरथामती वध।

----

বৈদ্ধি শ্রেচ্ছে করি জয় কল্কি দয়ায়য়।
কীকট নগরে যান লয়ে সৈন্য চয়॥
চক্রতীর্থে উপনীত দেখা করি স্নান।
ধন রত্নে ঘেরে সৈন্যে কিবা শোভা পান॥
রক্ষা কর রক্ষা কর অত্যন্ত কাতরে।
সহসা চেঁচিয়ে উঠে কম্পিত অন্তরে॥
ছোট ছোট মুনিগণে দেখে আগমন।
ভয় নাই ভয় নাই বলে নারায়ণ॥
কোথা হতে, এলে কেম ? কও কোথা ডর।
বিনালিব সুরাস্থর হলে পুরন্দর॥
বালখিল্ল মুনি শুনি কল্কির বচন।
নিকুত্ত কন্যার কথা করে নিবেদন॥

হেঁ বিষণু-তনয় ! বলি, শুন ভয় যথা।
ভয়ন্ধরী কুথোদরী নিশাচরী কথা।
দোটা কুঁন্তকর্গ-পোল্লী কালকঞ্জ নারী।
বিকঞ্জ নামেতে পুল্ল হইয়াছে তারি॥

७ किल्क

শুরে প্লুক্তে মেনা দেয় মাথা হিমাচলে।
নিষদ অচলে পদ ঘন শ্বাস চলে॥
সে নিশ্বাসে সকলেই হয়েছে কাঁতর।
পলায়ে এসেছি হেথা প্রভো রক্ষা কর॥

-

মুনিগণ কথা শুনি কল্কি সৈন্য লয়ে। রেতে রেতে উপস্থিত হন্ হিমালয়ে॥ প্রভাত হইলে দেখে হ্রগ্ধ নদী বয়। জেনেও জিজ্ঞাসে কল্কি কেন হুশ্ধময়॥ অশ্বারোহী গজারোহী পদাতিক যত। স্তব্ধ হয়ে রৈল সব বল্কিরে বেটিত। मूनिशंग किल्करमर्तु वरल मर्गामरत । কুথোদরী-স্তন-ভৃগ্ধ জ্বারিত ক্ষরে॥ বেগবতী হ্লশ্বনী সাত ঘটা বাদে। শুকিয়ে হইবে তট চল নির্বিবাদে॥ কেমন সে নিশাচরী পরস্পর কয়। এক মেনা ছুধে যার ছেন নদী বয়॥ কত বল তার দেছে না জানি কেমন। ্ৰচাক মুখ নাক কান কত যে ভীষণ॥

তাগে দেখাইয়ে পথ দেয় মুনিগণ। সৈন্য সনে কল্কিদেব করেন গমন॥ দ্যাথে সে রাক্ষসী শুয়ে পুত্রে মেনা দেয়। এক মেনা হুধে এই হুগ্ধ-নদী বয়॥ মেঘের সমান কালে। কুলোপানা কান। গিরি গুহা ভ্রমে পশু করে অবস্থান॥ এমন নিশ্বাস তার যেন বড় বয়। হাতী ঘোঁড়া উড়ে যায় দেখে লাগে ভয়॥ বানরেরা থাকে চুলে ছারপোকা মত। কে পারে বলিতে আড়ে দীর্ঘে লয়া কত। দেখে কল্কি ভেগে যায় নিজ সৈন্যচয়। তাড়াতাড়ি ডেকে নিয়েঁ অগ্রসর হয়॥ মার মার শব্দে সবে করে শ্রাঘাত। রাক্ষসীর ভাঙে ঘুম পাইয়ে আঘাত 🛭 হাঁ করিয়ে নিশাচরী গেলে সৈন্যগণ। হাতী ঘোঁড়া মায় কল্ফি উদরস্থ হন॥ দেবতা গন্ধর্ববাণ করি দরশন। হাহাকার রবে সবে করেন ক্রন্দন ॥ মুত্রিগণ দেয় শাপ মন্ত্র জপ করে। বেশ্ববাদী বাশ্বণেরা শোকে ভূমে পড়ে।

कविषेके स्मिना काँग निभावत हैं।सा দেখিতে এ দশা কেছ নাহি যায় তাসে॥ নিজেরে শ্বরিয়ে কল্কি 🕮 মধুস্থদন। ताक्रमी छेप्रत बांग करत वित्रेश। পেট মধ্যে রথকাষ্ঠ জ্বেলে করে আল। কুক্ষিভেদ করিলেন ধরি করবাল॥ তাদিয়ে বান্ধব ভাই আর সেনাগণ। ক্রমেতে বাহির হয়ে পেলেন জীবন॥ বোনি নাসা কর্ণ দিয়ে রথী তুরক্ষ। বেরিয়ে করয় নিশাচরী বিনাশন॥ হস্ত পদ কাটে ক্রেমে আর নাক কান। উদর মস্তক কাটে তবু থাকে প্রাণ॥ विकक्ष जननी-मन्। कति पतनान । স্থপু হাতে দৌড়ে যায় করিবারে রণ ॥ পাঁচ বছরের শিশু দেখে রণ কেবা। সাপুটিয়া মেরে ফেলে কাছে যায় যেবা॥ (मरथ कल्कि तांच मख उक्त मख हाता। বিকঞ্জ রাক্ষ্স সেই মরে এক বাণে ॥ ্মর্জ্যে মুনিগণ ভূফ স্বর্গে দেবগণ। शंकिल (यपिनी, जीव शाहेल जीवन ॥

পুক্ত সাথে কুথোদরী নাশি কল্ফি কন।

হরিদ্বারে কিছু কাল করিব হরণ॥
প্রাতে উঠে দেখে কল্ফি মুনি শত শত।

করিয়ে গন্ধায় স্থান হন সমাগত॥

গন্ধা তটে পিগুারকে করি অবস্থান।
জাহ্নবীর হেরে শোভা আর নিত্য স্থান॥

ইতি কুথোদরী বধ।

-000

#### রামায়ণ।

দৈখি কল্কি কতিপয় মুনি আগমন।
জিজ্ঞানে সংকার কোরে কেবা কি কারণ॥
এতেক মহর্ষি তেজী দেখি বিদ্যমান।
নিশ্চয় জানিসু আজি আমি ভাগ্যবান্॥

নারদ গালব অত্রি ভ্গু পরাশর।
বামদেব অশ্বত্থামা কণু মুনিবর।
ছর্বাশা বশিষ্ঠ রূপ একত্র হইয়া।
মরু ও দেবাপী বৃপে আগেতে করিয়া ॥
মেমন ছরিরে বলে ছিল সুরগণ।
কুই মত, কল্ফিদেবে করে আবেদন॥

বলৈ ঋষি নাই কিছু অজানা তোষার। স্ফি ছিতি লয় কর্তা তুমি সারাৎসার॥ নরে কি অমরে ব্রহ্মা আদি সেবা করে। ভুষ্ট হত্ত পদ্মানাথ সেবিছি অন্তরে॥ কল্কি বলে এঁরা কেবা আগে ছই জন। কিবা নাম কোথা ধাম কেন আগমন॥ কর যোডে বলে মরু করি নিবেদন। আপনি সকলি জ্ঞাত করুন শ্রবণ।। তব নাভি-পদা হতে জনম বেন্ধার। তাঁহা হতে মোর বংশ ক্রমেতে বিস্তার॥ মোর বংশে ভগীরথ যিনি গঙ্গা আনে। যে বংশে আপনি আবিভূতি রাম নামে : আনন্দে উথলে, কলিক মরুরে সুখায়। বিস্তারিয়ে রাম-কথা শুনাও আমায়॥ সক্তেপতে মরু বলে গাই রামায়ণ। সীতাপতি রাম-কার্য্য শুন ভগবন্।

ত্রক্ষা আদি দেবগণ উপাসনা করি। অবনীতে অবতীর্ণ হইলেন হরি॥

এক অংশ চারি অংশে দশরথ ঘরে। জন্ম লন, রক্কুল ব্ধিবার তরে॥ ছেলে বেলা বিশ্বামিত্র তারকা বধিতে। লয়ে যান রামচক্রে হাঁসিতে হাঁসিতে॥ সেইখানে পড়া শুন শস্ত্র-বিদ্যা শিখে। মুনিসনে মিথিলায় হর-ধন্থ দেখে॥ পথে ঘাটে লোকারণ্য অবাক সবাই। জনক সভায় আসি বসে হই ভাই 🎚 জনক হুহিত। বলে যত নারী আর। মনের মতন বর এল এই বার॥ ধরা মাত্র রামচন্দ্র ভাঙে ধনুখান। আনন্দে জনক রাজা সীতা করে দান॥ ভ্রাতৃ-কন্যা দিল পরে ভাই তিন জনে। রাজ্যে যান দশর্থ সুখী মনে মনে॥ পথেতে পরশুরাম পথ বোধ করে। দেখে শুনে ছেড়ে দিল জানিয়ে অন্তরে॥ কোথা রাম রাজা হবে হয় অধিবাস। বিমাতা সাধিয়ে বাদ দিল বনবাস॥ জুনক নন্দিনী সঙ্গে শ্রীরাম লক্ষ্মণ। পিতৃবাক্য রক্ষা হেতু চলিলেন বন॥

গুহকেয় ঘরে আসি ছাড়ি রাজ-বেশ। পঞ্চবটী বনে গিয়ে রছিলেন শেষ॥ ভরত আসিয়ে মধ্যে কাঁদা কাটা করে। পিতার নিধন আর লয়ে যাবার: তরে॥ বুঝাইয়ে ভরতেরে করিয়ে বিদায়। বনে থাকে পর্ণঘরে ফল মূল খায়॥ দৈবে দেখে স্থূর্পনখা কামজ্বরে জরে। রামে অভিলাষ করি সীতা নিন্দা করে॥ দুর কোরে দিল তারে কেটে নাক কান। সে জন্যে রাক্ষ্য কত দিয়ে যায় প্রাণ॥ সীতার শুনিয়ে রূপ লোভে দশানন। ছলনা করিয়ে হরে এীরামের ধন॥ স্থগে মারি ঘরে.এসে দেখে সীতা নাই। কাঁদিতে কাঁদিতে বলে সীতা কোথা পাই॥ কত দুরে চলে যায় সীতা অন্বেষণে। জটায়ুর মুখে শোনে হরে দশাননে॥ জর্টায়ুর অগ্নি-কার্য্য করি সমাপন। ঋষভ পাছাড়ে আসে ভাই হুই জন॥ প্রস্থ বিক্রতা করি বালিরে বধিয়ে। লঙ্কা ঘেরিলেন গিয়া সাগর বাঁধিয়ে॥

বানরে পোড়ায় লঙ্কা ত্যক্ত দশানন। অসংখ্য রাক্ষ্স-সেনা করিল নিধন॥ হিত বাঁক্যে কত মত বোঝায় রাবণে। লাখি মেরে তাড়াইল ভাই বিভীষণে॥ প্রহস্ত বিকট অক্ষ নিকুন্ত মকর। কুম্ভকর্ণ জাদি বীর গেল যম-ঘর॥ বীর ইব্রুজিত মরে লক্ষ্মণের করে। <sup>°</sup> শ্রীরামের হাতে শেষে দশানন মরে॥ লঙ্কা রাজ্যে অভিষিক্ত বিভীষণে করে। সীতার পরীক। লয়ে চলিলেন ঘরে॥ পথেতে গুহ্ক-ঘরে ছাড়ি যুনিবেশ। সিংহাসনে বসিলেন পাসি নিজ দেশ। ত্যজিল শীতারে রাম হুর্মুখ বচনে। লক্ষণ ছাড়িয়ে এসে বাল্মীকির বনে। গর্ভবতী রামপ্রিয়া দেখে মুনিবর। শাস্ত্রনা করেন কত রাখি নিজ ঘর॥ অশ্বযেথ যক্ত রাম কোরে আরম্ভণ। বাল্মীকীরে সেই যজ্ঞে করে নিমন্ত্রণ॥. সঙ্গে আনে লব কুশ রাম-পুত্র দ্বয়। দারে দ্বারে শিশু ছটি রামগুণ গায়॥

দেখে পুত্রে রাষচ্ন্র ডাকি জানকীরে।
বলেন পরীকা দিয়ে এস সীতা ঘরে॥
তাই শুনে জননীরে করি সম্বোধন।
স্বামির সাক্ষ্যাতে সীতে ত্যজিল জীবন॥
সেই শোকে রঘুনাথ ছাড়ি সিংহাসন।
স্বজনে সরযু-তীরে করিয়ে গমন॥
বশিষ্ঠের উপদেশে যোগ করি সার।
ভাতৃ সনে নিজ পদ লয়েন আবার॥
পড়ে শোনে ষেই জন এই রামায়ণ।
ধর্ম অর্থ মোক্ষ পায় স্থা অনুক্ষণ॥
ইতি রামায়ণ।

-

মরু ও দেবাপির কথা।

শ্রীরামের পুল্র কুশ কুশের অতিথি।

এই বংশে ধ্রুব, পিতা শীঘ্র মহামতি।

মরু মম নাম, বুধ, সুমিত্রও বলে।

কলাপ প্রামেতে থাকি আমি যে সে কালে॥

ব্যাস্-মুখে শুনি কথা তব অবতার।

লক্ষ বর্ষ ধরি তপ করি আপনার॥

আপনি ঈশ্বর, দেখ্লে কোটি পাপ যায়। কীৰ্ত্তি যশ লাভ হয় ধৰ্মজ্ঞান তায়॥ জীবের কামনা সিদ্ধ কি বলিব আর। এই জন্য আদিয়াছি কাছে আপনার॥ किक वटन जानिनाम जन्म क्रांतर्भ। ইনি কে কোথায় বাস জন্ম কোন অংশে॥ দেবাপি মধুর স্বরে করে নিবেদন। °শুন প্রভো বলি আমি জন্ম বিবরণ॥ তব নাভিপদ্ম হতে প্রলয়ের পর। হয়েন চতুরানন অত্রি অনন্তর॥ অত্রি হতে চন্দ্র, চন্দ্র হতে বুধ হয়। এ বংশে যযাতি ক্রমে বংশ রদ্ধি পায়॥ তপদ্যার যাই, শান্তব্ররে দিয়ে রাজ্য ভার। থাকিতু কলাপ প্রামে পূজি সারাৎসার॥ মরু মুনিগণ সনে করি আগমন। আপনার পাদপত্র করিতে দর্শন। ় আঁমি মুক্তি পাব, দেখা করেছি যথন। এড়াইব যম-দায়ে নিশ্চয় তথন॥

श्रक कु (पराणि कथा अत्न कन्कि इँ।रम। জেনেছি ধর্মজ্ঞ বড় বলিয়া আখাসে॥ বিনালী অধর্মাচারী হুট ফ্রেচ্ছ্গণ। তোমাকেই দিয়ে অযোধ্যার সিংহাসন॥ নিজে গিয়ে মপুরায় নিবারিব ভয়। কর্ব্বো আমি সত্যযুগ দেখ পুনরায়॥ শস্ত্রবিদ্যে স্থনিপুণ তোমরা হজন। ছাড় যুনি বেশ ত্রত পর এ বসন। রথে চড়ে মোর পাশে কোর্কে বিচরণ। বিনাশিবে অধার্ম্মিকে লয়ে সৈন্যগণ॥ বিশাখযুপের কন্যা পরমা স্থন্দরী। তারে বিয়ে করে মরো ! হও হে সংসারী॥ নৃপতি রুচিরেশ্বরু কন্যা শান্তা তাঁর। দেবাপে ! বিবাহ কোরে লও রাজ্য ভার॥ দেবাপি ও মরু রাজা মুনির সাক্ষ্যাতে। স্বীকার হুজনে করে কল্কির কথাতে । 🕮 কুল্কির কার্য্য এই হলে সমাপন। স্বৰ্গ হতে হুই রথ আইল তথন॥ একি একি বলে উঠে যত সভ্যগণ। দিবক অন্তে পূর্ণ, বিশ্বকর্মার গঠন॥

किन्क राल जीरालांक तकात कातन। ষম বৈশ্রবণ অংশে তোমরা হজন॥ চকু বংশে ভবে আবিভূতি ছও। এ কথা মুনির কি.ছু অবিদিত নও॥ গুপ্তভাবে এত দিন কোরে ছিলে বাস। মম সঙ্গ লাভে আত্ম হইল প্রকাশ। সে সব কথায় আর কিবা প্রয়োজন। সুররাজ দত্ত রথে কর আরোহণ॥ • রমাপতি বাক্যে তুষ্ট হয়ে দেবগণ। পুষ্পা রুষ্টি করে, স্তব করে মুনিজন॥ হেন কালে আদে এক ভিক্ষুক ভান্ধ। সোণার বরণ দেহ কমল বদন। শিরে জটা হাতে দণ্ড পরে রক্ষ-ছাল। ধর্মের আবাস ষেন দেখে ভাগে কাল॥ ইতি মরু ও দেবাপির কথা॥

ভিক্ষুক রূপধারী সত্যযুগ।. ব্রুড়ো ভিথারিরে কল্কি দেখিয়ে আগত। উঠিয়ে সৎকার তাঁরে করে বিধি মত॥

[9] কল্কি

পাসকে বসায়ে প্রভু করে নিবেদন। কে আপনি বল কেন ? ছেথা আগমন ॥

আমি সত্যযুগ প্রভো ! তব আজ্ঞাকারী।
দীননাথ ছুই চোখে তোমারে নেহারি॥
তুমি দিন রাত্রি পক্ষ মাস সহংসর।
তোমার আদেশে হয় যুগ যুগান্তর॥
তোমাতেই চৌদ্দ মন্থু নাম ভিন্ন তার।
বিভূতি স্বরূপ এঁরা হন্ আপনার॥

দাদশ হাজার বর্ষে দেবে মুগ চার।
চেরে সত্য তিনে ত্রেতা হুরৈতে দ্বাপর ॥
বংসর হাজার এক কলির প্রমাণ।
তোমা হতে হয় প্রভো এ সব বিধান ॥
তোমা বিনা সমুদায় হইলে প্রলয়।
স্রাস্থর নর আদি ব্রহ্মা পান লয়॥
তব নাভিপদ্ম হতে প্রলয়ের পর।
ব্রহ্মা আবিভূ ত হয়ে হন্ স্ফিধর ॥
সোমি সেই সত্যযুগ নাম মাত্র ভেদ।
প্রভো হেরি দেখ সব কলির উচ্ছেদ ॥

# মুক্ত ও দেবাপির যুদ্ধ-যাত্রা।

সত্যরুগ-বাক্য কল্ফি করিয়ে প্রবণ।
কলি বিনাশিতে বলে চল সৈন্যগণ॥
চল হে বান্ধব ভাই বিলম্ব কোরো না।
রণসাজ সেজে সবে চল না চল না॥
ইতি সত্যযুগ কথা।

---

মরু ও দেবাপির যুদ্ধ যাতা।
কল্কির আদেশে মরু দেবাপি রাজন্।
অসংখ্য সেনার সনে উপস্থিত হন্॥
নৃপতি বিশাখযুপ রুচিরাশ্ব আর।
এলো রাজা সেনা সনে ছিল যত যার॥
ভাই পুত্র নৃপ বন্ধু আঁর সেনা চয়।
বাহির হইল কল্কি কর্ত্তে দিগ্যিজয়॥

কলি-দাপে দিজরূপে ধর্ম আসি কয়।
লুয়ে সঙ্গে সুধ মুদ প্রসাদ অভয় ॥
অদর্শ, সারণ, কেম, অর্থ, প্রতিশ্রা।
নর নারায়ণ এঁরা ধর্মের তনয়॥
ভূফি পুফি মেধা বুদ্ধি শ্রদ্ধা মৈত্রী দয়া।
ক্রিয়া শান্তি মূর্ত্তি ভৃষণ এঁরা ধর্ম-জায়া ॥

---

সাথে কোরে ধর্ম নিজ পুত্র পরিবার। কল্কি-কাছে নিবেদিল দশা আপনার॥ দেখে কল্কি দ্বিজে বলে করিয়া সৎকার। এখানেতে এস কেন লয়ে পরিবার ॥ সত্য বল কোথা থাক রাজ্য সেই কার। শক্তি হীন দীন দেখি মলিন আকার॥ কল্কি কথা শুনে ধর্ম স্তব করি বলে। আমার আখ্যান, জন্ম তব বক্ষঃস্থলে । ধর্ম মোর নাম আমি হব্য কব্য ভাগী। দেবের প্রধান তব পদ অনুরাগী॥ হুরাত্মা কলির দাপে হে অথিলাধার !। কাম্বোজ শবর শকে পীড়িত সংসার॥ তারা পাপী হুরাচারী ধর্ম কারে বলে। বদনে আনে না হরি জানে না সকলে । শুনে হর্ষে বলে কল্কি দেখে সত্যযুগে। সুষ্যবংশে সমুৎপন্ন দেখ এ মরুকে॥ আমি বিধাতার আছে জন্ম মর্ত্ত্যে লই। विनानी कीक्रें - वामी विद्यार्थ वह ॥ শুনে তুমি স্থী হবে ফের চল যাই। অবৈষ্ণবগণে নাশী আসিয়াছি তাই !

শুনে ধর্ম রেখে সিদ্ধাশ্রমে পরিবার। চলে রণে শক্রগণে করিতে সংছার। গু সময়ে কর্ম তার সাধুর সংকার। ক্রিয়া ভেদ উগ্র বল শাস্ত্র বাণ তাঁর I অ্গ্রি আগে যম তপ সঙ্গে যজ্ঞ দান। শবর কাম্বোজ থসে করেন প্রয়াণ ॥ সাত ঘোঁড়া রথে চড়ে সারথী ত্রাহ্মণ। কল্ফি সনে রণ যাত্রা করেন তথন ॥ কলির আবাস স্থান অতি ভঃঙ্কর। শিয়াল উলুক কাকে ভূতে ভরা ঘর॥ গোমাংস বিষ্ঠার গন্ধে আঁত উড়ে যায়। কলির নারীরা সদা কোন্দলে কাটায়। যুদ্ধ কথা শুনে কলি মহারাগ কোরে। স্বজনে আইল রণে পেঁচা রথ চড়ে॥ কল্কি বলে মার ধর্ম কলি ছুরাচারে। আজ্ঞা পেয়ে ধর্ম তারে হুহাতেতে মারে এ দিকেতে খ্লাত দন্তে, প্রসাদ লোভেরে। জরা স্মৃতে, ভয় স্থা, ক্রোধ অভয়েরে নুরয় মদের সনে, আধি যোগ রণে। ব্যাধি ক্ষেমে, প্লানি প্রশ্রের সনে ॥

**এहे ज़र्श** अरक वारत जूंगून मगत। দেখিতে এলেন ব্রহ্মা দেবতা কিন্নর॥ কাষোজ ও খনে মরু দেবাপি বর্বরে। পুলিন্দ বিশাখযূপে মহারণ করে॥ কল্কি স্বয়ং ভগবান্ অস্ত্র শস্ত্র ধরে। কোক ও বিকোক সনে মহাযুদ্ধ করে॥ ব্রহ্মা-বরে মহাদর্পী হুই সহোদর। একরপী মহাবলী যুদ্ধেতে তৎপর॥ গুরা হুটো ভাই যদি শুদ্ত সনে মেলে। রণে পরাজয় করে স্থত্যুকেও ফেলে॥ যুদ্ধন্থলে পেয়ে ভয় দেবতা পলায়। জন্তুর শব্দেতে কানে তালা লেগে যায়॥ কোটা কোটা যোদ্ধা পড়ে জীবে লাগে ভয়। হস্ত পদ কাটে মুগু, গড়াগড়ি যায়॥ ইতি মরু ও দেবাপির যুদ্ধ-যাত্রা।

কোক বিকোক বধ। ক্লমে ৰড় যুদ্ধ বাংধ কলির সহিতে। ধর্ম সম্ভাযুগ শরে পড়িল মহীতে॥

গৰ্দ্ধভ বাহন ছেড়ে হাঁ করে বদন। রক্ত মাখা কলেবর করে পলায়ন॥ চূর্ণ হলো পেঁচা রথ দন্ত মোহ পায়। প্রাসাদের গদাঘাতে লোভ মুগু, যায়॥ অভয়ের হাতে ক্রোধ স্থথ হাতে ভয়। নিদয় মুদের মুষ্টে যায় যমালয়॥ আধি ব্যাধি আদি সব ভেগে যায় ডরে। শরাসনে কলির নগর দ**শ্ধ** করে॥ মরিল কলির নারী আর প্রজাগণ। কাঁদিতে কাঁদিতে কলি করে পলায়ন॥ শক ও কামোজে মরু, করিল নিধন। দেবাপি শবর চোল বর্বর স্কুজন ॥ यातिल विभाश्युश श्रुलिक श्रुक्तम । ক্ৰমেতে বিপক্ষ সেনা হইল হতাশ। স্বয়ং কল্কি গদা ধরে আইলেন রণে। খোর যুদ্ধ লাগে কোক বিকোকের সনে॥ ুরকাস্থর পুক্ত হটো শকুনির নাতি। •মধু ও কৈটভ সম ভীষণ মূরতি॥ কল্কি-গদাঘাতে তারা পড়ে ধরাতলে। (मरथ लोक आकर्ष्य आकर्षेय मरव वरने **॥** 

বিকোর্টের মাথা কাটে কল্কি ক্রোধভরে। বিকোকে দেখিলে কোক অমূদ্রি উঠে পড়ে॥ यित एन या यदत इटिंग (मिथि (मर्वराण)। কল্কিণ্ড আশ্চর্য্য বড় কোরে দরশন। বিকোকে বাঁচালে কোক দেখে গদাধারী। কাটেন কোকের মাথা যায় গড়াগড়ি॥ বিকোক দেখিলে কোকে উঠে খাড়া হয়। কল্কিরে মারিতে আসে মিলিয়া উভয়॥ ভেবে ভেবে রেগে কন্ফি না দেখে উপায়। মরিলে না মরে ছফৌ বড় ছলো দায়॥ তেড়ে গালাগালি দেব কত শত করে। রেগে রেগে কথা কয় কিছু নাহি ডরে॥ ব্রহ্মা আসি ধীরে ধীরে কল্কিদেবে কয়। অস্ত্র শস্ত্রে এরা বিনফ হবার নয়॥ একেবারে মুষ্টাঘাতে হুটো নফ হবে। তখনি মরিবে ফুটো মারি:বন যবে॥ ত্রন্ধার বচন শুনি ছাড়ি অস্ত্র বাণ। ক্রোঞ্গ ভরে শিরে করে বজ্রযুক্তি দান॥ ুপজিল আছাড় খেয়ে মাথা ভেঙে যায়। মরিল দানব দ্বা দেখে ভর পায় 🖟

# শশিধজের যুদ্ধ।

দেবে করে পুষ্প র্ফি গন্ধর্কের। গান।
অপ্সরেরা নৃত্য করে ঋষিরা ধ্যেয়ান ॥
কোক ও বিকোক বধে কবি হর্ষে পরে।
হুটের সমস্ত সেলা ক্রুমে নফ করে॥
মরিল সকল শ্লেছ গেল ধরা-ভার।
সবাই কল্কিরে পুজে দিয়ে অলঙ্কার॥
ইতি কোক বিকোক বধ।

----

# শশিধুজের যুদ্ধ।

বোঁড়া চড়ে খাঁড়া হাতে কল্কি নারায়ণ।
ভরাট নগরে যান করিবারে রণ॥
দেখা রাজা শশিখুজ ক্লফ পরায়ণ।
যুদ্ধ হেড়ু সেনা সনে অগ্রসর হন্॥
তা দেখে প্রশাস্তা রাণী বলে প্রাণ-পতি।
রণ্ ক্লান্ত হও তিনি অগতির গতি॥
বলে রাজা প্রাণ প্রিয়ে জান না জান না।
এইত পরম ধর্ম দেবের বাসনা॥
রণ্ গুরু শিষ্য নাই মার খান্ হরি।
ক্লিরের এই ধর্ম মারি কিবা মরি॥

মরিলে যাইব স্বর্গে সুখ হবে কত। নতুবা এ রাজ্য ভোগ আছেত, প্রস্তু ত। হে নাথ ! জানিসু সব যোহের কারণ। সেই হেতু ঘটিতেছে প্রভু-সনে রণ॥ শশিপুজ বলে প্রিয়ে ! কেমনে বোঝাই। তাঁর দেখি সুখ হৃঃখ রাগ দ্বেষ নাই ॥ লীলা হেতু অবতীর্ণ কিন্তু ত্রহ্মময়। তাঁহার মায়াতৈ স্বধু হয় জন্ম লয়॥ এখন-চলিতু প্রিয়ে কল্কি-সনে রণে। পূজা কর আজি তুমি সেই ভগবনে॥ স্থান্তা সন্তোষ বড় স্বামির বচনে। ভক্তিভাবে প্রণমিল পতির চরণে॥ হয়ে তুট শশিধুর্জ করে আলিঙ্গন। বিষ্ণু নাথ স্মরি চলে করিবারে রণ ॥ লেগে গেল বড় যুদ্ধ কল্কি-সেনা সঞ্চে। মার মার কাট কাট মক্ত রণ-রক্ষে॥ শশিধুজের তনয় সে স্থ্যকেতু নামে। **धत्रकांती गैश**वनी लारश गरू गरन ॥ কোটিকল অন্তুজ তার পরম স্থন্দর। দেবাপির সনে রণ গদা-যুদ্ধে দড়॥

নৃপতি বিশাখযুপ শশিধৃজ সনে। রুচিরাশ্ব রজস্যানে, ভর্গ্য শান্ত রণে॥ শূল প্রাস গদা শক্তি ভূষণ্ডী তোমরে। কেছ ঋষ্টি কেছ খঙ্গা কেছ খোন্ডা ধরে॥ চামর পতাকা ছত্ত্রে শৌতে রণস্থল। ধূলায় গগণ তল অন্ধকার হল॥ নেবতা গন্ধর্বগণ যুদ্ধ দেখ্তে আসে। মাংস খেকো জীবগণ আনন্দেতে হাঁসে॥ শঙ্খধুনি পশু-রবে মহাকোলাহল। মার মার শব্দে রণে মাতিল সকল।। ছাত কাটে পদ কাটে কার বা কন্ধর। কেছ ভাগে কেছ কাঁদে বাড়ে যম-ঘর ॥ কাটা গোল এত সেনা রক্ত-নদী বয়। স্থ্যকেতু গদাঘাতে মরু মূর্চ্ছা যায়॥ দেৰাপি পড়িল রণে দৈন্য ভেগে যায়। আর আর কল্কি-যোদ্ধা দেখিয়া পলায়।

ছেনকালে শশিধৃজ দেখেন কল্কিরে। সুর্য্য সম প্রভা তাঁর শ্যাম কলেবরে॥ অরুজ নয়ন প্রভা পীতাম্বর ধারী।
মন্তকে কিরীট শোভে মোহন মুরারী॥
সমুখে দণ্ডারমান ঘেরে রাজগণে।
পূজে ধর্ম সত্যযুগ সেই ভগবানে॥
ইতি শশিধ্জের যুদ্ধ।

শশিধুজ-গৃহে কল্কির আগমন। লোকে যাঁরে ধ্যান যোগে দেখে ঋষিগণ সেই প্রভু সন্মুখেতে করি দরশন ॥ শশিধুজ হার্ট মনে বলে নারায়ণে। মার কিবা এসো হৃদে ভয় পেয়ে রণে॥ শক্র বোলে মার যদি যাব বিষ্ণু-লোক। খণ্ডে যাবে মায়া মোহ দূর হবে শোক॥ বাছে ক্রোধ করি কল্ফি লাগিলেন রণে। বাণে বাণে বৰ্ষ। যেৰ উভয়েই হানে॥ দেবতা গন্ধর্ক নর দেখে ভয় পায়। অন্ত্র ছেড়ে কোন্তাকুন্তি শেষে লেগে যায়॥ লাথি মারে ফিল মারে যেবা ্যারে পারে। ্ছজনে সমান যোদ্ধা কেছ নাছি ছারে॥

তবে শশিধুজে কল্কি করে করাযাত। সামলে কল্কিরে দিল মুফি পাঁচ সাত॥ ভূমে পড়ে মুর্চ্ছ। যায় না পারে উটিতে। ধর্ম সত্যযুগ আসে কল্কিরে লইতে॥ হেনকালে শশিধৃজ হুয়ে নিল ককে। ঘরে চলে যান্রাজা কল্কি করি বক্ষে॥ ঘরে গিয়ে দেখে রাণী বৈঞ্বীর সনে। হরিগুণ গান করে প্রফুল্ল বদনে॥ দেখ প্রিয়ে ! বলে রাজা কল্কিদেব ইনি। নাশিতে পাষও ফ্লেচ্ছ অবতীর্ণ শুনি॥ তোমার এ হরি-সেবা পরীক্ষা করিতে। মুর্ক্।−ছলে মোর বুকে এলেন দেখিতে ∦ ধর্ম সত্যযুগ কক্ষে চেয়ে দেখ প্রিয়ে !। মনের সাথে কর পূজা যাহা ইচ্ছা দিয়ে॥ হরি ধর্ম সভ্যয়ুগে স্থশান্তা দেখিয়ে। স্বামিরে প্রণমি পূজে উন্মত হইয়ে॥ •লজ্জা ছাড়ি নৃত্য করে হরিগুণ গানে। 'সথী সনে মহানন্দে পুজে ভগবানে॥ ইতি শশিধুজ-গৃহে কল্কির আগমুন।

### সুশান্তার স্তব।

----

সুশান্তা বলেন হরে নিজ সোহ ত্যজি। রাখ এই পাদপ । সুর নর পৃজি॥ রতি পতি বিমোহিত রূপ মনোহর। বিনাশ হুর্গম কাম জগত ঈশ্বর ॥ তব ষশোগানে সব শোক দূরে যায়। নাম উচ্চারণে, অপার আনন্দোদয় 🛙 করুক মঙ্গল লাভ হেরে চন্দ্রানন। হুর্জ্রর আমার স্বামি তব সনে রণ। মার এঁরে রোরে থাকে শত্রুতাচরণ। নতুবা করুন প্রভো রূপা বিতরণ 🛭 হে ভগবান্! প্রকৃতি জায়া আপনার। তাই থেকে মহন্তত্ত্ব তাতে অহঙ্কার॥ তাহা হতে স্ফি হয় জগত সংসার। উংপত্তি বিনাশ সব হতে আপনার॥ প্রভাবে ত্রিগুণা মায়া মরুত আকাশ। কিতি অপ্ ভেজ পাঁচ তোমাতে প্ৰকাশ॥ এখুন শরীর দ্বারা যেবা সেবা করে। কুপা কর তাহাদের কল্ফি নাথ হরে॥

# ধর্মতত্ত্ব।

তোমার পবিত্র নাম যে করে কীর্ত্তন।
ভব-ভয় শোক তাপ না হয় কখন 
ধর্মের সাধনে সত্যুগ্য সংস্থাপনে।
সাধুর বাড়াও মান পাষণ্ড দলনে ॥
দেবতা পালনে আর কলি বিনাশনে।
জন্ম লও প্রভু তুমি এ সব কারণে।
নাতি পুতি পতি ঘেরি ধন অলঙ্কারে।
তব পদ বিনা মোর শোভা নাহি করে॥
কি করে চাম্বরে এ মনিময় আসনে।
অশ্ব গজ রথ ধৃজ আর সৈন্য ধনে॥
ইতি সুশান্তার স্তব।

-000

#### ধর্মতত্ত্ব।

সুশান্তার স্তবে কদ্কি তুই উঠে দেখে।
বামু পাশে সত্যযুগ সুশান্তা সমুখে॥

তান দিকে ধর্মো, শশিধ্বজকে পেছনে।
লজ্জা পেয়ে বলে, অয়ি কমল-লোচনে।॥
কে তুমি আমায় আর সেবো কি কারণে।
শক্ত বোলে কিছু মাত্র নাহি হয় মনে ॥

শশিধৃদ্ধ মহাশ্র পাছু কেন রয়। হে ধর্ম। হে ক্বত। কেন শত্রুর আলয়॥ শত্রু জেনে কেন সেবে শত্রু-নারীগণ। মুর্চ্ছা গেলে ওরে শশি নাহি মার কেন॥

স্কান্তা কাতরে বলে তুমি নারায়ণ। সেবা নাহি করে কেবা তব শ্রীচরণ॥ স্থরপুর ধরাতল রসাতল-বাসী। সবে সেবা করে প্রভো! অহে অবিনাশী॥ ভক্তে কোথা শত্ৰভাবে কে দেখে কোথায়। তা হইলে ঘরে আন্তে পার্রে কি তোমায় ?॥ আমি দাসী তিনি দাস সে জন্য আপনি। দয়া করি এসেছেন স্বয়ং চিন্তামণি॥ ধর্মা বলে ধন্য আমি হে কলি-নাশন। এঁদের বদনে শুনি প্রভু সঙ্কীর্ত্তন। সত্যধুগ বলে বাঁচি দেখে তব দাস। এই ভক্তে অদ্য তব ঈশ্বর প্রকাশ। শেষে শশিধুজ বলে মোরে দণ্ড কর। ৰুড় অপরাধী আমি কামে জর জর॥

শুনে কল্কি হাঁসিতে হাঁসিতে নৃপে কয়। যথার্থ আমাকে ভূমি করিয়াছ জয়॥ ইতি ধর্মতত্ত্ব।

#### রমার বিয়ে।

ুরণে থেকে পুত্র হুটি ডেকে আনাইয়ে। স্ত্রী মতে কল্কিরে তোষে রমা কন্যা দিয়ে॥ দেবাপি বিশাখযূপ আর রাজাগণ। রণস্থল হতে ডেকে করে আনয়ন॥ কল্কি-সনে রমা-বিয়ে ক্রিতে দর্শন। হুড় হুড় কোরে আসে নরপতিগণ। এলো সেনা গজ আর প্রজা ছিল ষত। শশ্ব ভেরি হৃদঙ্গদি বাজে অবিরত॥ বৌএরা সকলে মিলি উলু উলু দেয়। গাওনা বাজনা কত দান খ্যান হয় # উক্ষ্য-দ্রব্য নানা মত খেয়ে নৃপগণ। প্ৰবেশিল সভা-মাৰে হাঁসি খুসি মন॥ আইল দেখিতে সব ক্ষত্রিয় ব্রাহ্মণে। বৈশ্যু শৃদ্ধু সেজে গুজে বন্ত্র আভরণে 🛭

কল্কিরে দেখিল সবে অতি মনোহর।
তারাগণ মধ্যে শোভে যেন শশধর॥
দেখেন জামাই রূপে কল্কিরমাপতি।
ভক্তি করি বসিলেন তথা নরপতি॥
ইতি রমার বিয়ে।

-000

শশিধুজ ও সুশান্তার পূর্বেজন্ম বিবরণ। শশিধুজ সুশান্তারে বলে নৃপগণ। কল্কির শ্বশুর শাশ্রু আপনার। হন।। দেখিকু অটল ভক্তি শেখা, কোন খানে। কেবা দিলে কো্থা পেলে শুনিব প্রবণে॥ শশিধৃজ বলে রাজা হরি-ভক্তি বলে। পূর্বজন্ম কথা আমি নাহি যাই ভুলে॥ হাজার যুগের শেষে গৃধ্র ছিত্র আমি। সুশান্তা ছিলেন গৃধী মনে বেশ জানি॥ গাছে থাকি বাসা কোরে মরা মাংস থাই। ইচ্ছা হলে কোন দিন উপবনে যাই॥ দেহথ ব্যাধ্পাতে ফাঁদ বধিতে জীবনে। বিধাতা নিৰ্বন্ধ যাহা এড়াই কেমনে॥

পোশা গৃধ্র চড়ে তার কাঁদের কাছেতে। খিদে পেয়ে ছিল বড় এলাম খাইতে॥ ফাঁদে ধরি শিরে করি ব্যাধ লয়ে যায়। ঠোঁঠেতে ঠোকর মারি নাহি ছাড়ে তায়॥ আনন্দে গণ্ডকী-তীরে মোদের লইয়া। মাথা চুর্ণ করে ব্যাধ পাথরে ফেলিয়া॥ সেটা ছিল শালগ্রাম স্থত্যু তায় বোলে। চতুভু জ হয়ে স্বর্গে যাই সেই ফলে। এক শত যুগ মোরা কাটাই তথায়। ত্রন্ধলোকে পঞ্চশত দেবে চার যায়॥ এখানে সংসারে বদ্ধ মোরা হই জন। আশা বড় শ্রীহরির হেরিব বদন॥ শালপ্রাম ছুঁরে স্থা গগুকীর তীর্। সেই ফলে এই হলো দেখি ভক্তি-নীর॥ তাই ভেবে হরি-সেবা দিন রাত করি। রুসে মত্ত হয়ে নাচি দেই গড়াগড়ি। কলিরে নাশিতে প্রভু কল্কি অবতার। শুনেছিমু এই কথা বদনে ব্রহ্মার॥ জাত্ম পরিচয় দিয়ে সভার মাঝারে। .কুল্কিরে বিদায় করে ভক্তি-সহকারে॥

সর্কে দেশ লক্ষ ঘোঁড়া ধন রত্ন কত।
হাজার দশেক হাথী ছ-হাজার রথ ॥
রমা-সনে দেন ছ-শত যুবতী দানী।
বিদায় হইয়া ঘরে যান অবিনাশী ॥
ধ্যান পূজা কল্কিদেবে কোরে রাজাগণ।
জিজ্ঞানে শশিরে ভক্ত-ভক্তির লক্ষণ॥
ইতি শশিধৃজ স্থশান্তার পূর্বজন্ম বিবরণ।

--

বেশ্বসভায় ভক্তি প্রদর্শন।
ভক্তি কারে বলে রাজা, বলে নৃপগণ।
কারে ভক্ত বলা যায়, কি করে ভোজন॥
কি কাজ কোথায় বাদ আলাপ কি করে।
তোমাকেই করেছেন জাতিমার হরে॥
জান সব মহারাজ প্রকাশিয়ে কও।
হাঁদি মুখে বলে শশি জয়যুক্ত হও॥

জিজ্ঞীসিলে সেই কথা সনক সেকালে।
বৈদ্যাল মানো আসি নারদেরে বলে॥
বোসেছিল আমি সেথা শুনিয়াছি সব।
পরম পবিত্র কথা সমুদায় কব॥

সংসার হইতে মুক্ত কিসে হওয়া যায়।
কেমন সে হরি-ভক্তি পাব কি উপায়॥
জিজ্ঞাসে সনক, দেবর্ষি নারদ কয়।
ভক্তি মুক্তি রূপ: এই কথা সুধাময়॥

-

পঞ্চেন্দ্রি মন আগে সংযত করিয়ে। °শুরুকে অর্পিবে দেহ এক চিত্ত হয়ে ॥ প্রসন্ন হইলে গুরু হরি তুফ হন্। এ কথা অন্যথা নয় নিজে হরি কন্॥ প্রণব স্বাহার মাঝে মবর্ণ বিফ্রে। স্মরে বাস্থদেবে পূজা কোরো উপচারে॥ পাদ্য অর্ঘ্য আচমন বসন ভূষণ। পুষ্প নৈবিদ্যাদি দিও পার যে যেমন॥ বুকে কোরে ভাঁর, রাঙা পদ হুই খানি। সেই হরি-পাদ-পলে দিও তব প্রাণি॥ • দিও আর বাক্য মন বুদ্ধীব্রিয়গণ। 'জানিবে দেবতা সব বিষ্ণু-অঞ্ছন্॥ এ জগতে তিনি বিনা কেছ নাছি আর। দেব দেবী আছে যত আত্মমূর্ত্তি তাঁর ॥

ভঁক্ত হয়ৈ মনে কোরো সেবক ভাঁছার। অজ্ঞানেতে বস্তু কার্য্য করেন স্বীকার॥ পেব্য সেবকতা ভাবে শুদ্ধ ভক্ত সনে। দ্বৈত ভাব আছে তাঁর ঠিক জেনো মনে॥ ভার মূর্ত্তি বিনা দেখ কিছু নাই আর। ষথার্থ ভক্তেরা মারে রূপ অনিবার॥ নাম সন্ধীর্ত্তনে সুখ অন্তরে পাইয়া। হাঁদে কাঁদে নাচে গায় উন্মত্ত হইয়া॥ ছইয়ে শিশুর মত ভূতলে লুটায়। একেবারে আপনারে ভক্তে ভুলে যায়।। এই অকপট ভক্তি এতে স্তব্ধ হয়। সুরাস্থর নর দেব যেবা যেথা রয়॥ ভক্তিই প্রকৃতি নিত্য লভে বেশা-ধন। বেকা বিষ্ণু মহেশ্বর ভক্তিরূপ হন্॥ বেদ চেও ভক্তি বড় সত্ত্ব-গুণে হয়। রজ গুণ প্রভাবেতে ইন্দ্রিয় প্রস্তায়॥ তমৌগুণে ভেদদর্শী বুদ্ধি লোপ পার। ছুকাজেতে রত স্দা নরকেতে যায়॥ সম্বশুণে নিশুণিতা লভে ভক্তগণ। त्रज्ञ ७८० घर वाड़ी नाती तजु धन ॥

ভক্তেরা পবিত্র বস্তু বিষণু নিবেদিয়ে। ভোজন করিবে ভাই সন্তুষ্ট হইয়ে॥ এঁটো হলে ঘুণা তাহে কোরো নাকখন। বলেন সাধুরা এঁরে সাত্ত্বিক ভোজন। वीर्या तक आयू हेन्द्री वृष्टे याटा इय । সেই দ্রব্য খেলে রাজস ভোজন কয় 🖁 ুকটু অমু উষ্ণ আদি করিলে আহার। তামস ভোজন বলে সংসারের ছার ৷ সাত্বিবেরা বনে থাকে রাজসিক আমে। তামদের বাসভূমি দূত বেশ্যা স্থানে॥ সেবক কামনা হীন নাহি দেন হরি। উভয়ের বাড়ে প্রেম ভক্তি-রসে পড়ি॥ সনক ঋষিরে পূজে শুনি বিষ্ণু গান। শুদ্ধ মনে ইন্দ্রালয়ে করেন প্রস্থান॥ ইতি বেশ্বসভায় ভক্তি প্রদর্শন।

ভক্তি ভক্ত মাহাত্ম্য।

বৈষ্ণৰ প্ৰম ধৰ্ম বলে রাজাগণ।
কেমনে করিলে রণ বল হে রাজন্॥

---

ত । সম•সাধু, নি.য় প্রাণ বুদ্ধি ধন। সতত জীবের কর মঙ্গল সাধন॥

-000-

শ শিধুজ বলে শুন বলি রাজাগণ। প্রকৃতি হইতে বেদ জগত সজন॥ বেদে ধর্মাহর্মা আর ভক্তির উদর। তাই দেখে ষম মন রণে মত্ত হয়॥ অবধ্য ব্যক্তিরে বধ কর্লে পাপী বলে। বধ্য রক্ষা করিলেও সেই ফল ফলে॥ বেদজ্ঞ ব্যাসের কথা প্রায় কিত্ত নাই। নৈন্য নাশি কল্কিদেবে ঘরে আনি তাই ৷ মম মতে ভক্তিমার্গ ইহাকেই কয়। তোমাদের এ বিষয়ে ও মত কি নয় ?॥ ( प्रश्न प्रवि च्या च्या विक्ष्मा । কেবা কারে নামে বিনষ্ট কেছই নয়॥ যুদ্ধ যুদ্ধে জীব হিংসা হিংসা মিথ্যা নয়। বেদে লেখা বলে মহু মুনিগণ কয় ॥ যজ্মুদ্ধে শ্রীবিষ্ণর পূজা আমি করি। ইহাতেই হয় সুখ অন্তে পাই হরি॥

বলেন নৃপতিগণ বলি হে রাজন্!।
বিনি গুরু শাপে ত্যজে আপন জীবন॥
অতুল ঐশ্ব্য সত্ত্ব নিমি রাজ যেই।
জন্মিল বিরাগ দেহে বল কেন সেই॥
শিষ্য-শাপে স্ত সে বশিষ্ঠ দেহ ধরে।
বিষ্যু-নায়া ত্রিসংসারে বুঝিতে কে পারে ?॥

শশিধৃজ বলে ভক্তি মুক্তি অনুসারে। বহু জন্ম তীর্থ ভ্রমি থাকিয়ে সংসারে॥ দৈবে সাধুসঙ্গ লাভ তাহাতে ঈশ্বর। ত্যেজিবে ভোগ বাসনা কার্য্যে হবে ভর॥ তার পর হরি পূজা হরি সঙ্কীর্ত্তন। হরি রূপ ধ্যান জ্ঞান হরিতেই মন॥ বার ত্রত পূজা পাঠ করে অহুষ্ঠান। হরি-সন্ধীর্ত্তনে মন সদা হরি ধ্যান॥ •মুক্তি ফল দেখে তাঁরা মুক্তি নাহি চান। 'হরি সেবা ধর্ম কর্মে তীর্থেতে কাটান॥ • যেই রূপ হয় দেখে রুফ অবতার। ভুক্তেরও অবতার সঙ্গে সঙ্গে তাঁর॥ [ भ किक

ভিক্তিরণমাহাত্ম্য সব করিসু বর্ণন।
কাম আদি মারা মোহ হয় বিনাশন॥
ইন্দ্রিয় দেবতাদের আনন্দ বর্দ্ধন।
রুফ তুল্য ব্যাস আদি ইহার কারণ॥
হরিভক্তি প্রভাবেতে জীবে মুক্তি হয়।
রিচল ভুবন চন্দ্র কথা সুধাময়॥
ইতি ভক্তি ভক্ত মাহাত্ম্য।

বিষ্ণুভক্তি কথা।
সভামানে শশিষ্প বলেন কল্কিরে।
তপস্যা করিতে আমি যাব হরিদ্বারে॥
ছেলে পিলে নাতি পুতি রৈল তবাশ্রয়।
আবার কি দিব আমি আত্ম পরিচয়॥
জান তুমি অন্তর্যামী দ্বিবিদের কথা।
জামুবান নামে কল্কি হেঁট করে মাথা॥
তাই দেখে নৃপগণ করে নিবেদন।
কেন প্রভা হইলেন বিরস্প বদন॥
কল্কি বলে শশিধ্যে জিজ্ঞাস কারণ।
গশিশ্ব প্র প্রকাশিয়ে করেন বর্ণন॥

-000

🕮 রাম রাবণ যুদ্ধে লক্ষ্মণের করে। যুক্তি পায় ইন্দ্রজিত সেই রণে মরে॥ ব্রহ্ম বীর বধ হেতু অনলের ঘরে। ঠাকুর লক্ষ্মণ মরে ঐকাহিক জ্বরে॥ দ্বিবিদ আরাম কোরে হৃত্যু বর পায়। জন্মান্তরে মুক্তি পাবে কহিলেন তায়॥ "সাগর উত্তর তীরে দ্বিদ বানরে। লক্ষ্মণের ঐকাহিক জুর নৃষ্ট করে ॥" তাল পাতে এই মন্ত্র লিখে যেবা পড়ে। উভয়ের ঐকাহিক জ্বর নষ্ট করে॥ দিবিদ, স্থতের পুক্ত লোম হরষণ। হরি-কথা কয় সদা হরি-সঙ্কীর্ত্তন॥ একদিন বলরাম কুরুক্ষেত্রে (হরে। সহসা নাশিয়ে প্রাণ মুক্তি দান করে। জাম্বানে এই হরি বামনাবতারে। তুষ্ট হয়ে দেন বর মুক্তি জন্মান্তরে ॥

সূত্রাজিত রাজা ছিত্র ক্লম্ম অবতারে। মূণি চুরি অপবাদ দিলাম তাঁহারে॥

প্রাসেক্তে বিনাশে সিংছ সিংহে জাম্বান্। মোর অপবাদে রুষ্ণ লয় তাঁর প্রাণ ॥ ক্লুম্বে চিনি জাম্ববান কন্যা জাম্বতী। রুষ্ণে সমর্পিয়ে পরে স্বর্গে ইলো গতি॥ মণি ও রমণী লয়ে আসি দ্বারকায়। সভাযাবে ডেকে মণি দিলেন আয়ায়। তথন লাজেতে মরি কি করি বিধান। মণি সনে সত্যভাগা করি সম্প্রদান॥ রূপে কালো করে কন্যা হেরি ভগবান্। তারে লয়ে হস্তিনায় করেন প্রস্থান॥ মণি-লোভে শতধন্বা মারিল আমায়। মিথ্যা দোষারোপে মুক্তি ইইল না তায়। রমা কন্যা দিয়ে মুক্তি এই অবতারে। বাসনা করেছি বড় যাই হরিদ্বারে॥

শশুর বিনাশ হেতু এ অধোবদন।
শুনিলৈ হে রাজাগণ! কথা পুরাতন॥
এমন অপূর্বে কথা যে করে শ্রবণ।
যশু সুথ মোক্ষ লাভ করে সেই জন॥
হৈতি বিফুভক্তি কথা।

#### বিষকন্যার কথা।

শশুরে বিদায় কোরে নুপগণ সনে। এলেন কাঞ্চনী পুরে হরষিত মনে॥ বিষধরে রক্ষা করে পুরী মনোহরে। শত শত নাগকন্যা বিচরণ করে॥ বর্ণ হারে বর্ণিবারে রূপ অতুলনা। সেনা নৃপ সনে স্তব্ধ কল্কির ভাবনা ॥ বেষ্টিত চন্দন বৃক্ষে মণিতে খচিত। অপূর্ব্ব রচিত পুরী দেবের রমিত॥ কত শত রাজা এসে গেছে রসাতল। হইল আকাশ-বাণী "এঁকা কল্কি চল" 🏽 শুনে কল্ফি শুক সনে অশ্ব আরোহণে। গিয়ে দেখে বিষক্ষ্যা ভাবে মনে মনে। হেরিলে সে রূপ ছটা মুनि-মন টলে। হাঁসিতে হাঁসিতে কন্যা রমানাথে বলে ॥ প্ৰত দিনে প্ৰভো ! বুৰি বিধি অনুকুল। সুরাস্থর নরে নাহি তব সমতুল॥ किन्क राल कुछ कुन्ता कोशांत नान्य। কি কারণে বন্দী ছেন প্রকাশে বল না।

रियमत्रe आँथि दश क्राप्ति माधूती। ছেরি রাই ছেন রূপ কোরো না চাভুরী। বিষকন্যা বলে প্রভো ! কর অবধান। চিত্ৰগ্ৰীৰ-ভাৰ্য্যা আমি স্থলোচনা নাম # ৰড় ভালবাসে পতি প্ৰাণের সমান। আযোদ করিতে লয়ে রম্য স্থানে যান। এक मिन मिरा तथ रिम इहे जन। গৰুমাদনের কুঞ্জে, করিসু গমন ॥ কত যে রসের কথা হচ্চে হুই জনে। र्विकाल (पथा इला यक यूनि मत्न । লবাখাঁদা যোটা কটা অতি কদাকার। ত্রকণ যৌবনে আমি নিন্দা করি তাঁর॥ যোর ঠাট্টা শুনে মুনি মোরে দিল শাপ। বিষনেত্রে কাঞ্চনীতে ভোগো গিয়ে পাপ ॥ ভদবধি পতিহীনা নাগিনীর সনে। वियत्ने इत्य थाकि जमा हिन्छ यत्न ॥ কোর্ন তপস্যার বলে ছেরি আপনায়। হুইল অন্থত চকু ধরি তব পায়॥ हिन्दू जाबरक श्राप्ता ! পতित मनन । श्रीन-भाग यण नग्न, প্রভু দরশন।

এত বলি আলো করি চড়ি দিব্য যান। ।
চলিল বৈকুঠ ধামে পেয়ে পরিত্রাণ।

---

সেই রাজে দিয়ে রাজ্য কল্কি ভগবান্।
মরুকে অযোধ্যা দিয়ে মধুরায় যান।
দেবাপিরে পঞ্চ ছান সুর্য্যেরে মধুরা।
ভায়েরে মগধ, পায় বয়াদি জ্ঞাতিরা।
বিশাখযুপেরে কল্কি দিল কয়দেশ।
পুত্রগণে কর্বি চোল দ্বারকা প্রদেশ।
বাপে দিয়ে ধন রত্ন শভলেতে যান।
পদ্মা রমা সনে স্থে সময় কাটান।
শাস্য পূর্ণা বসুমতি সীত্যয়ুগময়।
বার ব্রত যাগ যক্ত বেদ পাঠ হয়।
ইতি বিষকন্যার কথা।

যায়া স্তব।

শুকদেবে মার্কণ্ডের, মারা স্তব বলে।
শুনেছি শুকের কাছে সদ্য ফল ফলে 4
শুচি হরে হে শৌনক! যেবা স্তব করে।
ধর্ম অর্থ মোক্ষ পার শোক ভাপ হুরে।

ভল্লাট নগর ত্যজি মায়ার মন্দিরে। বিষ্ণুভক্ত শশিধৃজ এই স্তব করে॥

প্রণবাদি স্বাহা স্বধা, সুক্ষা স্বরূপিণী। সত্ত্রসার স্থপবিত্রা দেবের জননী॥ দেৰতা গন্ধৰ্ব সিদ্ধ তব পূজা করে। নমস্কার করি, দেবি ! বেদে তত্ত্ব ধরে ॥ লোকাতীতা দ্বৈতভূতা জ্ঞানী করে ধ্যান। কালেতে চঞ্চলা দেবি ! মুক্তি কর দান॥ কাল দৈব নাম কৰ্ম, তেজে জানা ষায়। এক মাত্র দৈতবাদী আপনার্কে পায়॥ জলে রস তেজে রুপ শব্দ আকাশেতে। ভূমে গন্ধ বায়ু স্পর্শ প্রকাশ তোমাতে॥ 🕮 পতির লক্ষ্মী তুমি ভবের ভবানী। কালরপা জ্ঞানাতীতা হে কামরূপিণী।। সাবিত্রী বরদা সিদ্ধা চণ্ডী হুর্গা কালী। বালিকা যুবভী বৃদ্ধা আপনি সকলি॥ গৰ্মৰ কিন্নর নর যেবা স্তব করে। সর্ব সিদ্ধি লভে সেই ধ্যেয়ালে অন্তরে।

## , বহুমশার মোক ও সুম্তির সহ্মরণ। ১৬৫ ু.

এই স্তবে শশিধৃজ বিষ্ণু ধ্যান করি। গেলেন বৈকুঠ ধামে, দেহ পরিহরি॥ ইতি মায়া স্তব।

> নারদ আগমন, বিষ্ণুয়শার মোক্ষ ও সুমতির সহমরণ।

স্থত বলে হরি-কথা করিত্ব কীর্ত্তন। শশিপুজ মুক্তি যথা ওছে ঋষিগণ॥• বেদ ধর্ম সত্যযুগ কল্কি অধিকারে। দেব দেবী কোরে মূর্ত্তি পূজে ঘরে ঘরে ॥ পাষণ্ড তিলকধারী দেখা নাহি যায়। কল্কির রাজত্ব কালে বঞ্চক পলায়॥ পত্মা রমা সনে কল্কি সদা স্থা রন্। হিত হেতু যজ্ঞ কর্ত্তে পিতা আসি কন্॥ নত শিরে রাখে কল্কি পিতার বচন। যুত্তেশ্বে যত্ত করি করে আরাধন॥ রাজসুয় বাজপেয় অশ্বমেধ আদি। ব্যাস রাম ক্লপে ডাকি সব যজ্ঞ সাধি ॥ ভক্তি করে লয়ে গঙ্গা যমুনা সঙ্গমে। খাইয়ে দক্ষিণা দৈন যতেক ত্রাহ্মণে॥

শেকালে বসুরে অগ্নি, খাওয়ান মরুত। দিলেন বরুণ জল তুষ্ট বিপ্র যত। রস্তা নাচে হুহু গায় যত্ত অবসানে। বাল রদ্ধ নারী তুই কল্ফি ধন দানে॥ পিভৃ মতে গঙ্গাতীরে থাকে কল্কি পরে। নারদ তুষু রু তথা আসি দেখা করে॥ পিতা পুত্রে পূজা করি নারদেরে বলে। আজি কি সৌভাগ্য, দেখা পূর্বজন্ম ফলে॥ বলে কল্কি মুক্তি আজি সাধু দরশনে। আজি যজ্ঞ-ফল ফলে তব আগমনে॥ 'স্বচক্ষে দেখিয়ে আজি পূজি নিজ করে। দেবু পিতৃ হন্ তুষ্ট নিশ্চয় অন্তরে॥ বিষ্ণু পূজা করা হ্য় যাঁহারে পূজিলে। বিষ্ণু দেখা ফল হয় যাঁহারে দেখিলে॥ ছুँইলে যাঁহারে হয় পাপরাশী নাশ। আজি সেই সাধু-সঙ্গে হলো যোর বাস॥ সাধু হরি এক, ভৌতিক এ দেহময়। ছুফেরে নাশিতে যেন ক্লফ জন্ম হয়॥ ,বিষ্ণু ভক্তি রূপ তরি জীবে করি দান। ৰূপথার হয়ে পার কর ভগবান্।

# বিষ্ণুবিশার মোক্ষ ও স্থমতির সহমরণ। ১ अ

সংসার যাতনা গিয়ে কিসে শুভোদয়। বলুন নিৰ্বাণ পদ যাতে মুক্তি হয়॥ বিষ্ণুযশা-বাক্যে মুনি চিন্তা করে মনে। মানার প্রভাব কতৃ সংসারে কে জানে॥ স্বয়ং বিষ্ণু পূর্ণ ব্রহ্ম কলি পুক্র যাঁর। তিনি গতি মুক্তি চান নিকটে আযার॥ বিষ্ণু যশে ত বুপথ বলেন নিৰ্জ্জনে। মায়া জীবে ভরা মন দেহ অবসানে॥ বলিতেছি মূল কথা কর হে खारा। সহজে বুঝিবে তুমি মায়া প্রবন্ধন। জীব বলে মায়ে! যদি দেহে আমি নই। তবে যায়া মূলা অহমিকী বুদ্ধি কই ?॥ गाशावरल गाशाभूला (मह धत्र (ल जुडे। আমার সম্পর্ক ভিন্ন ও ইচ্ছাতে নই॥ মায়াবলে মোর বলে জগত সংসার। বাঁচে জীব চেফাশীল জ্ঞান দেই তার॥ ,জীব বলে জানে তোরে যোর বলে বল। যেমন সুর্য্যেরে ঘেরে সদা থাকে জল ॥ (यँगन रेमतिनी निक श्वापि-निका करत । করিস্ তেমনি তুই থেকে মোরে ধরে 🎙

তথন ভ্যেজিলে মায়া মোর দেই হতে।
শাপ দিয়ে গেল চলে রাগিতে রাগিতে॥
সেই শাপে দেশে দেশে ঘুরিয়া বেড়াই।
পৃথিবীতে স্থান মোর থাকিবার নাই॥
হে ঠাকুর! তব পুত্রে ছেড়ে মায়া বশ।
ঘর বাড়ী আশা ছেড়ে গাও হরি যশ॥
এ জগৎ বিফুম্য় বিফু জগন্ময়।
আজাতেই দিয়ে আজা ছাড় হে বিষয়॥

---

বোলে কে য়ে কল্কিদেব বিপ্রে দিয়ে জ্ঞান।
নাবুদ কলিলাশ্রমে করেন প্রৈছান॥
ব্রহ্মানশা পুত্রতন্ত্র,নারদের মুখে।
পেয়ে বদরিকাশ্রমে চলিলেন স্থথে॥
ত্যজেন ভৌতিক দেহ দেখিয়ে স্থমতি।
প্রবেশে জনলে হর্ষে কোলে হতপতি।
স্বপুষ্মে দেবগণ করি দর্শন।
প্রসংশা করিল কত তুই নারায়ণ॥
প্রেনে কল্কি কেঁদে শ্রাদ্ধ করি স্যাধান।
প্রার্মা স্নে প্রভু শন্তলেতে যান॥

একদা পরশুরাম কল্কিরে দেখিতে।
এলেন শস্তলে মহেন্দ্র শিখর হতে ॥
দেখে কল্কি উঠিলেন পদ্মা রমা সনে।
মহানন্দে পূজা করে তোষেন ভোজনে ॥
শোয়ান্ সোণার খাটে দিয়ে আভরণ।
পদ-সেবা কোরে কল্কি করে নিবেদন ॥
সব সিদ্ধ হয়েছে প্রসাদে আপনার।
হৈ গুরো! কি বলে রমা শুন কথা তার ॥
রমা বলে বার ত্রতে কিসে পুক্র পাই।
হে গুরো! বলুন মোরে ক্লপা ভিক্ষা চাই॥
ইতি নারদ আগমন, বিষ্ণুযশার মোক্ষ ও
স্মাতির ক্ষহমরণ।

রুলিণী বৃত কথা।

যে মতে রুলিণী বৃত, করে নারীগণ।
শোনকে কহেন স্থত, সেই বিবরণ॥
বিখ্যাত অস্তর রাজ, রুষপর্বনা বলী।
শোর্ষিষ্ঠা তনয়া তাঁর, গেরো তার বলি॥
এক দিন শুক্রকন্যা দেবযানী সনে।
গাঁধুইতে সরোবরে, যান স্থীগণে॥

শৈ বিত বিত্তিক

🞳 হে জলে খেলা করে, বস্ত্র রেখে তীরে। হেনকালে উমা-সনে, উমাপতি ফিরে॥ সহ্লা হেরিয়ে শিবে, তটস্থ লজ্জায়। বসন লইতে গোল, হলো তুজনায়॥ ना (पिश्रार (प्रविधानी, माड़ी পড़ে यांग्र। শর্মিষ্ঠা আপন বস্ত্র, দেখিতে না পায়॥ পরেছিম্ কার সাড়ী, দ্যাখ দেখি চেয়ে ?। ছেড়ে দে রসন মোর ভিখারির মেয়ে॥ এ বোলে শর্মিষ্ঠা তারে, কুয়াতে ফেলিয়া। চলিল সিমনী সনে, হাঁসিয়া হাঁসিয়া ॥ দেবযানী গর্ত্তে পড়ে, করয় রোদন। যুষাতি নহুষ-পুত্র, করে আগমন॥ তুলিয়ে জিজ্ঞান্দে কও ? কে তুমি স্বন্ধরী।, কি হয়েছে কাঁদ কেন ? হেথা একাকিনী॥ লজ্জা ভয়ে দেবযানী, ফুলিতে ফুলিতে। শন্মিষ্ঠার আচরণ, লাগিল কহিতে॥ যযাতি ইছার মাঝে, অন্তর বুঝিয়া। বিবাহ ক্রিব বলি, যান্ আশ্বাসিয়া॥ আসিয়ে ব্রাপের কাছে, সব কথা কয়। শুক্রৈর দেখিয়ে রাগ, পায় সবে ভয়॥

রুষপর্ব। নমস্ত্রতি কত যে করিল। দোঁহে দণ্ড কর বলি, রাগ থামাইলে॥ শর্মিষ্ঠার বাপে, পিতৃ-পদে দেখি নত। সেবিবে তোমার কন্যা মোরে অবিরত # তাই শুনে রুষপর্কা দিয়ে শর্মিষ্ঠায়। অন্তরে কাঁদিয়ে নৃপ ঘরে ফিরে যায়॥ যযাতি রাজারে শুক্র করিয়ে আহ্বান। বিধি মত নিজ কন্যা করে সম্প্রদান॥ भर्षिष्ठीतः (वाल नृत्य पिन कन्ता मत्न। হবে জরা যদি লও কখন শয়নে॥ যা ছিল কপালে হলো দৈবের লিখন। রাজ-বালা শোকাকুলা, কে করে থণ্ডন। সেবা সাক্ষ কোরে একা এক দিন বনে। কত দূর চলে যায় কাঁদে মনে মনে ॥ দেখিল কামিনী কত ঘেরে ঋষিবরে। ফলে ফুলে ধূপ দীপে কোন্ ব্রত করে॥ •শর্মিষ্ঠা আসিয়ে কাছে করি দরশন। ° প্রণিয়া মুনিবরে করে নিবেদন। হে দেবি সকল ! আমি রাজার নন্দিনী। করি দাসীগিরী, পতি নাই অভাগিনী॥

শুনিয়ে নীরব সব, করিয়ে করুণা। ছত-মাঝে সঙ্গে নিল যতেক ললনা ॥ মহামুনি বিশ্বামিত্র, এ ব্রত করায়। নাম এ রুক্মিনী-ব্রত, ফল পায় পায়॥ দাদনী বৈশাখ শুক্লে বেদ মন্ত্র পোড়ে। পট্রমূত্র হাতে বেঁখে, এই ত্রত করে ॥ কলাগাছ পুঁতে চার, বেদি-মাঝে তায়। বস্ত্র আচ্ছাদন, স্বর্ণ পট্টে শোভা পায়॥ বানাইয়া কৃষ্ণমূর্ত্তি, রত্নেতে সাজান। পঞ্ গব্যে পঞ্চাম্বতে, কর ইয়া স্নান॥ েযার যেবা দশ পাঁচ, ষোল উপচারে। নী<u>র</u>বিয়ে এক চিত্তে পূজি**র্ছে** ভাঁছারে ॥ হে ঈশ । শীতল জল করিয়ে গ্রহণ। পথশ্রম শান্তি কর ওছে ভগবন্।॥ লও হে রুক্মিণীনাথ ! এই দূর্ব্বাদল। লক্ষী সনে লও প্রভু আচমন জল। সুগন্ধি কুসুম মালা বক্ষ শোভা কর। যতনে গেঁথেছি স্থতে লগু সুরেশ্বর॥ পবিত্র এ যজ্ঞসূত্র, শুদ্ধ আবরণ। রূপা করি রখানাথ করুন গ্রহণ॥

সনাথ কর হে মোরে, হে শ্যামস্কর !। ত্বরাও এ হুংখ হতে অহে পীতায়র॥ শর্মিষ্ঠা ব্রতের ফলে লভে নৃপ পতি। যৌবন না যায়, পৈয়ে পুত্ৰ সুখী অতি। প্রসাদে রহদেশ্বর, দ্রোপদীও পার। ইচ্ছা মত পতি পুত্ৰ যৌবন না যায়॥ জনকন सिनी मीठा, मत्रगात मत्न। এই ব্রত কোরে ছিল অশোকের বনে॥ সেই ফলে পতি পায়, মরিল রাবণ। রাক্ষস বিনাশ হলো রাজা বিভীষণ ॥ জামনয়ের প্রদাদে, কল্কি প্রিয়া রমা। এই বত ফলে পায় পুক্ত নিরুপমা॥ যে রমণী এই ব্রত করে অনুষ্ঠান। ই ্। মত পতি পায়, সুশীল সন্তান। যৌবন না যায় তার সদা সুখে রয়। অন্তকালে স্বর্গ পায়, যমে করে ভয় 🛚 ইতি ক্রিণী ত্রত-কথা।

#### কল্কির বিহার।

শুনিলে রুমিণী-ত্রত অহে বিপ্রগণ!। কল্কির বিহার কথা বলিব এখন॥ স্থুত বলে মন দিয়ে যে করে শ্রবণ। ধর্ম অর্থ মোক্ষ আর পায় পুত্র ধন॥ ভাই বন্ধু পুত্র লয়ে কল্কি ভগবান্। শন্তলে হাজার বর্য করে অবস্থান॥ অপূর্ব্ব নির্শ্বিত পুরী কিবা শোভা পায়। পথ ঘাট পরিকার সভা মনোময়॥ কত যে নিশান উড়ে হাজার হাজার। ইন্দ্রের অমরাবতী তুলনা ইহার॥ সাটবট্ট হাজার তীর্থ শন্তলেতে হয়। কল্পি পদার্পণে যম সদা করে ভয়॥ সুগন্ধ কুসুমে বঁন শোভিত যেমন। জগতের মোক্ষ স্থান হইল তথন॥ তীর্থে আসি নর নারী কল্কি দরশনে। পূজা করে মহানন্দে সুখী মনে মনে॥ এ দিকেতে দিন দিন স্ত্রৈণ হন্ হরি। বিহার করিতে যান চড়ে কামচারী **॥** সুরহাজ দত্ত এই রথ মনোম্য। মদোম্মতে হ্যে মত দিবা নিশি রয়॥

বংখন পর্বতে শৃঙ্গে নিকুঞ্জে কখন। কখন নদীর তীরে, গৃহে ;কদাচন। দিবানিশি পদা মুখে পদা মধু খান। পত্মার সৌরভ সদা করেন আন্তাণ॥ ইন্দ্রনীল বিভূষিত পর্ব্বত গুহায়। পত্মা রমা সনে কল্কি এক দিন যায়॥ পদা রমা সখি সাথে করিতে রমণ। কল্কির পশ্চাতে ধায় প্রফুল্লিত মন॥ শতগুণে সুরূপসী শত শত নারী। ভ্রমে পড়ি পদা রমা মূর্চ্ছা যান হেরি॥ রমণীরতন লয়ে মদন বিহারী। প্রেমময় প্রেমালাপ প্রেমের চাতুরী ॥ হাঁসে গায় শোভা পায় কত নৃত্য করে। এ দিকেতে পদারমা প্রাণে জ্বলে মরে॥ অাঁকিয়ে পতির মূর্ত্তি করে নমস্কার। স্তব করে কত রমা দিয়ে অলঙ্কার॥ কামাতুরা হয়ে পটে আলিক্সন করে। ঞ্কে বারে অবসরা হন্রস ভরে। এদিকেতে পদ্মা যেন খেপা ভোলাসাথ। ৰুলায় লোটায় অঙ্গ খালি বলে নাথ।

কেলে দিয়ে আভরণ কামে জ্বরে শরে।
কোথা গেলে এসো নাথ! ডাকেন কাভরে ॥
আপিনারে ভুলে কল্কি মাতেন মদনে।
দিবানিশি থাকিলেন রমণী রমণে॥
কথন থাকেন কল্কি পয়োধরোপরে।
হাঁসিতে হাঁসিতে কভু আলিন্দন করে॥
কথন রমণী লয়ে যান সরোবরে।
মন্ত মাতন্দের ন্যায় বাল-ক্রীড়া করে॥
কল্কির অপার থেলা লেখা নাছি যায়।
পাড়িলে শুনিলে মোক্ষা, মোহাদি পলায়॥ ইতি

কল্কির বৈকুণ্ঠ গ্রমম।

গন্ধ কিন্নর ঋষি দেবতা ত্রাহ্মণ।
কল্কির নিকটে সবে করে আগমন॥
সভা মাঝে দেখে কল্কি দেন উপদেশ।
হেঁসে হেঁসে সবা সনে আলাপ অশেষ॥
শ্যাম কলেবরে যেন নব জলধরে।
মণি মুক্তা অলঙ্কারে কিবা শোভা করে॥
পাজানুল্যতি বাহু বক্ষে রত্ন-হার!
মন্তকে কিরীট সুর্য্য সম আভা তার॥

অপরপ রূপ তাঁর দেব মুনি হেরে। ভক্তি-সহক রে স্তব আরম্ভণ ক2র॥ হে নব নীরন শ্যাম ! জগত-তারণ। বক্ষেতে কৌস্থভরাজি হে চন্দ্র-বদন।॥ কলি কল্য নাশক হে জগদাধার।। বিদিত অখিল-লোকে তুমি বিশ্বেশ্বর॥ দেবেশ ভৃতেশ বিভো! শক্তিরো অপার। <sup>•</sup>হতেছি শরণাগত কর প্রভু পার॥ শাসন হতেছে বড় সব ধরাতল। থাকে যদি ক্লপা তবে বৈকুঠেতে চল। চারি পুত্রে ডেকে কল্কি দিয়ে রাজ্য ধন। বলেন বৈকুঠে যাই কাঁদে প্ৰজাগণ ॥ তোমা বিনা ত্রিজগতে কেবা আছে আর। তুমি রাখ তুমি মার মহিয়া অপার॥ তোমার অধীন প্রাণ পুত্র পরিবার। আমাদের লয়ে চল সঙ্গে আপনার॥ প্রজাদের বুঝাইয়ে য়ধুর বচনে। ' চলিলেন বনে কল্ফি পাহা রমা সনে॥, যেথা মুনিগণ সদা অবস্থান করে। যেথা সুরধনি-বারি অবারিত বারে 🔊

বৈঁথা অধিষ্ঠান করে যত দেবগণ। সেই হিমালয়ে কল্ফি করেন গমন॥ বেষ্টিত অমরগণে জা হ্বীর তীরে। রূপান্তর হন্ কন্ফি স্মরি আপনারে॥ জ্যোতির্ময় শাখ্ব চক্র গদা পদা ধারী। শোভিত কৌস্তুভ মণি গোলোকবিহারী॥ অপরপ ধরে রূপ বৈকু ঠ যাইতে। পুষ্পার্টি দেব সব লাগিল করিতে॥ সাগর জদম কাঁদে, কাঁদে ধরাতল। জীব মাত্র কেঁদে কেটে হইল বিহ্বল 🛭 পিতা রমা এ আক্চর্য্য করি দরশন। প্রেশি অনলে, পতি-লোর্ক প্রাপ্ত হন্॥ কল্কির আদেশে ধর্ম সত্যযুগ রন্। নিরাপদে ধরাতলে করে বিচরণ ॥ সুখেতে দেবাপি মরু পালে প্রজাগণ। বনেতে বিশাখযুপ করিল গমন॥ কল্কির বিরহে খেদে ছার্ডি রাজ্য ধন। কত রাজা ভার ধ্যানে চলিলেন বন॥ •নর নারায়ণ ঘরে চলিলেন শুক। কল্কি-যশ গেঙ্কে মুনিগণ পান স্থ ॥

যাঁহার শাসনকালে ছিল নাকো দনী। রোগ শোক ভয় ব্যাধি পাষ্ড বিহীন। ছিল না অকাল শৃত্যু আর স্বার্থ পর। সতত মঙ্গলময় জীব নির্মাৎসর॥ কল্কি অবতার কথা করিত্র কীর্ত্তন। যশ আয়ু স্বৰ্গপ্ৰদ আর স্বস্ত্যয়ন॥ শোক তাপ দূরে যায় করিলে শ্রবণ। ইচ্ছা মত পায় ফল ধর্ম পুত্র ধন॥ যত দিন এ পুরাণ হইবে কীর্ত্তন। তত দিন সমুজ্জ্বল রহিবে ভুবন ॥ মিলিয়া শৌনক সব লোমছ্রষণে। ধন্য ধন্য বলে সবে কল্কি-কথা শুনে॥ শুনিতে গঙ্গার স্তব পুনশ্চ স্থায়। কহ সূত সেই স্তব শুন্বি সবায়॥

গঙ্গার স্তব।
গঙ্গার বন্দনা করি, যাত মুনিগণ।
বোলেছিলে কল্কি-কাছে করে আগমনু॥
সুত বলে সেই স্তব করি সন্ধীর্ত্তন।
শোক মোহ পাপ নাশে শুন ঋদিগণ।

क्लूष नानिनी शक । यूक्तिश्रनिशि । দৈবের বাঞ্জিত জন পাপ তাপ বিনাশিনী॥ হরিপদে কোরে বাস জীবের তরিতে। কত আরাধনে অবতীর্ণ অবনীতে,॥ পারে কি উরগ নর অস্থর অমর 🤈 । যাঁরে স্তব করে ত্রহা বিষ্ণু মহেশ্বর। ব্রহ্মকুমগুলে বদ্ধ, শিবে শিরোমণি। মা জননী, ইনি স্করপুরে মন্দাকিনী ॥ তরিতে সগরবংশ ভনীরথ সনে। স্থমেরু শিখর চিরি এলেন ভুবনে॥ 'পুর করী দর্পচূর্ণ করি মাজাহুবী। ক্রেনে পাইব পার আপনারে সেবি॥ বিমল সলিল তৰ, যে করে দর্শন। ভবভয় বিদূরিত পাপ বিষোচন। ভীবের জননী ও মা ত্রিপথগামিনী। দিবা নিশি করে স্তব কত শত মুনি॥ হেরিলে তোমার শোভা মুনি মন হরে। নানা মতে পূজা করে স্থরাস্থর নরে॥ কত দিনে পাব মাগো তব নীর তীর। শান্ত-চিত্তে বেঁড়ঃইব হইব স্কন্থির 🏾

গাইব বিমল গুণ জুড়াইবে প্রাণ।
শুদ্ধ হবে পাপদেহ জলে কোরে স্থান॥
দেখিয়ে জলের লীলা জুড়াবে নয়ন।
অন্তকালৈ পাব মোক্ষ ত্যজিলে জীবন॥
এই স্তব করে পূর্বকালে মুনিগণ।
পড়িলে শুনিলে মোক্ষ হয় যশধন॥
ইতি গন্ধার স্তব।

কল্কিপুরাণ পাঠের ফল।

শীহরি-বদন হতে প্রলয়ের পরে।
নিঃস্ত পুরাণ এই কল্কি নাম ধরে।
বেদ আদি যত কিছু সর্ব্ব শাস্ত্র সার।
ধরাতলে বেদব্যাস করেন প্রচার।
কল্কির প্রভাব যত ইহাতে বর্ণিত।
পড়িলে শুনিলে কল কলে অগণিত॥
রোক্ষণ পণ্ডিত বেদৈ ক্ষত্রি রাজা হন্।
বৈশ্যগণ ধন ধান্যে মানী শূর্জগণ॥
পুল্রার্থির পুক্ত হয় ধনার্থির ধন।
বিদ্যার্থির বিদ্যা লাভ ব্যর্থ কদাচর।
(১১) কল্কি

শ্বই ফলে ঐ ভিরিরে কোরে দরশন।
'তার্য-ছানে পায় মুক্তি লোমহরষণ॥
ভারত পুরাণ বেদ আদি রামায়ণ।
সকলেতে আদি অন্ত হরি-সঙ্কীর্ত্রন॥
সেই হরি অবতীর্ণ কল্কি অবতার।
দিবা নিশি তাঁর পদে কর নমস্কার॥
সজল জলদ শ্যাম কল্কি ভগবান্।
সবার করুন তিনি মঞ্চল বিধান॥
ইতি মহর্ষি বেদব্যাস প্রণীত কল্কি-পুরাণ সমাপ্ত।

---

#### কলিকাতা।

নিমতলা ঘাই ব্রিট ৮ সম্বাক ভবনে সংবাদ-জ্ঞানরত্বাকর যত্ত্বে শ্রীযুত ভুবনচন্দ্র বসাক-দারা মুদ্রিত। সন ১২৮৫ সাল ১

#### বিজ্ঞাপন।

নিম্নলিখিত মুনিমতের প্রস্তুতীয়, ব্যবহৃত ও পরীক্ষিত মহোষধি কলিকাতা নিমতলা ঘাট হিট ৮ সংখ্যক ভবনে বিক্রয়ার্থ প্রস্তুত আছে।

দন্ত কঠিনতার মহৌষধ।

প্রতিদিন রোগ থাকিলে তিনবার নচেৎ
প্রাতে একবার এই চুর্ণের দ্বারা দন্ত মার্জ্জনা
করিলে নিশ্চয়ই দাঁতের গোড়া এত কঠিন হইয়া
উঠিবেক যে রুদ্ধদিগের পতিতোপযোগী দন্তও
আর পড়িবেক না। ইহাতে চক্ষের জ্যোতি
রুদ্ধি, দাঁতের পোকা, দাঁত কন্কনানি প্রভৃতি
মুখের কোন রোগ ও হুর্গন্ধ থাকে না। কুসুও
ধরে না। এক জনের ছয় মাস ব্যবহারোপযোগী
চুর্ণের মূল্য ১১ টাকা মাত্র।

বিশুদ্ধ নিমের তৈল।

, বাল, চুলকালি আমাচি, পাঁচ্ডা, ত্রণ,

কাছে, মহাব্যাধি প্রভাত প্রকার চর্মরোগ
ভাছে, বিছু দিন উক্ত মহোপকারী তৈল মর্দন,
করিলে নিশ্চরই ভাল হইবেস। ভবে সকল

ক্ষেলেরু তৈলে উপকার দর্শে না, উছা বাছিয়া কথেরা ও শোধন করা অতি সুকঠিন। অধিক বোধা বাছল্য মাত্র এই তৈল ব্যবহার করিয়া দেখিলে ফল জানিতে পারিবেন। ঐত্যেক সিসির মূল্য ১ এক টাকা মাত্র।

### অজীর্ণনাশক বটিকা।

অজীর্ণই সকল রোগের উৎপত্তির কারণ।
প্রত্যেক বার আহারের পর এক একটি বটিকা
সেবন করিলে সকল রোগের উপশম হয় ও
কোন রোগ জন্মে না। অপর পেট ফাঁপা প্রভৃত্তি উদরের কোন উপদ্রব<sup>°</sup>থাকে না। পঞ্চাশটি
বটিকার মূল্য ১৮ এক টাকা মাত্র।

## উদরামার চুর্ণ।

রক্তামাশর প্রভৃতি উদর-পীড়া মাত্রেই ভাল হয়। জক প্যাকেটে অনুমাণ দশ তোলা চুর্ণের মুল্য ১২ এক টাকা মাত্র।